# KUET Bulletin

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বুলেটিন

১০ম বর্ষ, ২য় সংখ্যা, জুলাই-ডিসেম্বর, ২০১৭


## খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় দিবস পালিত

# "বিশ্ববিদ্যালয়কে জ্ঞান ও গবেষনায় মনোযোগী হতে হবে"

-ইউজিসি চেয়ারম্যান




কুয়েট দিবস ২০১৭ উপলক্ষে বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রার নেতৃত্ব দেন ইউজিসি'র মাননীয় চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান।

বর্ণিল আয়োজন আর বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্যদিয়ে ২৩ সেপ্টেম্বর শনিবার খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ১৪তম বর্ষপূর্তি, বিশ্ববিদ্যালয় দিবস পালিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) মাননীয় চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান এবং সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। দিনটিকে স্মরণীয় করতে সেজেছিল পুরো বিশ্ববিদ্যালয়, সর্বত্রই ছিল সাজ-সাজ রব। সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে অনুষ্ঠিত হয় প্রীতি সমাবেশ। এরপর পৌনে ১০টায় জাতীয় সঙ্গীতের সঙ্গে সঙ্গে উত্তোলন করা হয় জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা। পতাকা উত্তোলন শেষে প্রধান অতিথি বেলুন ও শান্তির প্রতীক পায়রা উড়িয়ে বিশ্ববিদ্যালয় দিবসের শুভ উদ্বোধন করেন। এর আগে বিশ্ববিদ্যালয়ের বিএনসিসি'র একটি চৌকস দল প্রধান অতিথিকে গর্ড অব অনার প্রদান করে। এসময় অনুষ্ঠানের প্রধান (২য় পৃষ্ঠায় দেখুন)।

## "বঙ্গবন্ধু মানে বাংলাদেশ, বাংলাদেশ মানে বঙ্গবন্ধু"

-বেগম মন্নুজান সুফিয়ান, এমপি



জাতীয় শোক দিবস ২০১৭ উপলক্ষ্যে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেগম মুন্নুজান সুফিয়ান এমপি।

"বঙ্গবন্ধু মানে বাংলাদেশ, বাংলাদেশ মানে বঙ্গবন্ধু। বঙ্গবন্ধুকে বাঙ্গালী স্বত্তা থেকে কখনো মুছে ফেলা যাবে না। যারা বঙ্গবন্ধুকে অস্বীকার করে তারা বাংলাদেশকে অস্বীকার করে। '৭৫ এর ১৫ আগষ্ট বঙ্গবন্ধুকে হত্যার মাধ্যমে একটি গোষ্ঠী বাংলাদেশের স্বাধীনতাকে ভূলুণ্ঠিত করতে চেয়েছিল। বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে হলে বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করতে হবে"। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী,স্বাধীন বাংলাদেশের স্থাপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৭ উপলক্ষ্যে ২২ আগষ্ট সন্ধায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখা আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি (২য় পৃষ্ঠায় দেখুন)

## ইআইসিটি-২০১৭ শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত



কুয়েটে অনুষ্ঠিত ইআইসিটি-২০১৭ এর প্রধান অতিথি ইউজিসি'র চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নানকে শুভেচ্ছা স্মারক প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) ০৭-০৯ ডিসেম্বর তিন দিনব্যাপী ৩য় "ইন্টারন্যাশনাল কনফারেন্স অন ইলেকট্রিক্যাল ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (ইআইসিটি-২০১৭)" অনুষ্ঠিত হয়েছে। ইইই অনুষদের আয়োজনে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে ০৭ ডিসেম্বর সকাল ১০টায় কনফারেন্সটির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান এবং প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রফেসর আবদুল মান্নান তার বক্তব্যে বলেন, "তথ্য প্রযুক্তি এবং ইলেকট্রনিক্সের অগ্রযাত্রার জন্য ইআইসিটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এই সম্মেলনের ধারণাসমূহ (২য় পৃষ্ঠায় দেখুন)

## ইআইসিটি-২০১৭ শীর্ষক আর্ন্তজাতিক সম্মেলন অনুষ্ঠিত



ইআইসিটি-২০১৭ এর সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি ইউজিসি'র সদস্য প্রফেসর ড. দিল আফরোজা বেগমকে শুভেচ্ছা স্মারক প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

(১ম পৃষ্ঠার পর) আমাদের বাস্তব জীবনে প্রয়োগ করা সম্ভব হলে কনফারেন্সটি সার্থকতা পাবে। দেশের স্বল্প সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে গবেষকদের কঠোর পরিশ্রম করতে হবে"। প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, "তরুণ গবেষকদের জন্য এ ধরনের কনফারেন্স নতুন দিগন্তের সৃষ্টি করবে। পরিবেশ রক্ষা, চাহিদার সাথে তাল রেখে বিদ্যুৎ উৎপাদন, টেকসই উন্নয়ন ইত্যাদি ক্ষেত্রে গবেষকদের কাজ করতে হবে, তবেই দেশের উন্নয়ন সম্ভব। আগামী দিনের চ্যালেঞ্জ মোকাবিলার জন্য গবেষনার কোন বিকল্প নেই"। আয়োজক কমিটির সভাপতি ও ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন টেকনিক্যাল চেয়ার প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, আইইইই বাংলাদেশের ভাইস-প্রেসিডেন্ট প্রফেসর ড. শেলিয়া শাহনেওয়াজ এবং আয়োজক কমিটির সম্পাদক প্রফেসর ড. এ বি এম আওলাদ হোসেন।

০৮ ডিসেম্বর রাতে কনফারেন্সটির আনুষ্ঠানিক সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) সদস্য প্রফেসর ড. দিল আফরোজা বেগম এবং প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। আয়োজক কমিটির সভাপতি ও ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক এর সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন টেকনিক্যাল চেয়ার প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, আইইইই বাংলাদেশের ভাইস-প্রেসিডেন্ট প্রফেসর ড. শেলিয়া শাহনেওয়াজ এবং আয়োজক কমিটির সম্পাদক প্রফেসর ড. এ বি এম আওলাদ হোসেন।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে কী-নোট সেশনে পেপার উপস্থাপন করেন জাপানের ফুকুই বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. তাকাযুউকি মাকিনো এবং ভারতের যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রফেসর সুবির কুমার সরকার। তিন দিনব্যাপী সম্মেলনে বিশ্বের ১১টি দেশ থেকে ৩৯৩টি পেপার থেকে বাছাইকৃত ১২৮টি টেকনিক্যাল পেপার মোট ৩৩টি টেকনিক্যাল সেশনে উপস্থাপন করা হয় এবং সেরা তিনটি পেপারকে পুরস্কৃত করা হয়। সম্মেলনে টেকনিক্যাল পেপার উপস্থাপন ছাড়াও সুন্দরবন ও মংলা পোর্ট পরিদর্শন এবং কনফারেন্স ডিনার অনুষ্ঠিত হয়। সম্মেলনে দেশ-বিদেশী গবেষক, শিক্ষক, দেশের স্বনামধন্য প্রকৌশলী ও প্রযুক্তিবিদগণসহ অন্যান্যরা অংশগ্রহন করেন।

## বঙ্গবন্ধু মানে বাংলাদেশ

(১ম পৃষ্ঠার পর) হিসেবে বক্তৃতাকালে এসব কথা বলেন বাংলাদেশ জাতীয় সংসদের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি খুলনা-৩ আসনের সংসদ সদস্য বেগম মুন্নুজান সুফিয়ান, এমপি। অনুষ্ঠানের প্রধান আলোচক বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, বঙ্গবন্ধুর জন্ম না হলে বাংলাদেশের জন্ম হত না, বঙ্গবন্ধু স্বপ্ন দেখেছেন, তা বাস্তবায়নে কাজ করেছেন এবং আমাদের স্বাধীন বাংলাদেশ উপহার দিয়েছেন। বঙ্গবন্ধু ধ্রুব তারার মতো, তাঁকে অনুসরণ করলে বাংলাদেশ কখনও পথ হারাবে না।

বাংলাদেশ ছাত্রলীগ, কুয়েট শাখার সভাপতি মোঃ আবুল হাসান শোভন এর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক সাদমান নাহিয়ান সেজান এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. সোবহান মিয়া, বিইসিএম বিভাগের বিভাগীয় প্রধান ড. কাজী এবিএম মহীউদ্দিন, বাংলাদেশ আওয়ামীলীগ খুলনা মহানগর এর সহ সভাপতি বেগ লিয়াকত আলী প্রমূখ।

## কুয়েটে যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস




কুয়েটে জাতীয় শোক দিবস ২০১৭ উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

(শেষ পৃষ্ঠার পর) রোকেয়া হলের প্রভোস্ট (ভারপ্রাপ্ত) সুহেলী সায়লা আহমদ, সহকারী পরিচালক (ছাত্রকল্যাণ) বিষ্ণু সরকার, বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক ডাঃ জুবায়ের আহমেদ রতন, অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক হুসাইন মুহাম্মদ এরশাদ, বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখার সভাপতি মোঃ আবুল হাসান শোভন ও সাধারণ সম্পাদক সাদমান নাহিয়ান সেজান, কর্মচারী সমিতি (৩য় শ্রেণী) সভাপতি মোঃ মামুনুর রশীদ জুয়েল। আলোচনা সভার পূর্বে ১৯৭৫ সালের ১৫ আগষ্ট নিহতদের প্রতি সম্মান জানিয়ে দাড়িয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়। অনুষ্ঠানে বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখার সভাপতি ও সাধারণ সম্পাদকসহ নবগঠিত কমিটির নেতৃবৃন্দকে বঙ্গবন্ধুর লেখা 'কারাগারের রোজনামচা' বই প্রদান করা হয়। এছাড়া, দুপুরে বঙ্গবন্ধু কর্মচারী পরিষদের পক্ষ থেকে দোয়া ও খাবার বিতরণ কর্মসূচী, আসর বাদ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া মাহফিল এবং বিকালে শিক্ষক সমিতির আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

## "শিক্ষার্থীদের সাফল্য আমাদের উজ্জীবিত করে"

(৪র্থ পৃষ্ঠার পর) ইইই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ শাহজাহান, সিএসই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মুহাম্মদ শেখ সাদী, ইসিই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ ফারুক হোসেন, বিএমই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ নুরুন্নবী মোল্লা, এমএসই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম (১) এবং অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনসংযোগ কর্মকর্তা মনোজ কুমার মজুমদার।

## বিশ্ববিদ্যালয়কে জ্ঞান ও গবেষনায়

(১ম পৃষ্ঠার পর) অতিথি ইউজিসি'র চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান বলেন, বিশ্ববিদ্যালয়কে জ্ঞান ও গবেষনায় আরো মনোযোগী হতে হবে। দেশের বিশ্ববিদ্যালয়গুলোকে আন্তর্জাতিক মানের করে গড়ে তুলতে সরকার কাজ করে যাচ্ছে। তিনি আরো বলেন, বঙ্গবন্ধু খুলনা ইঞ্জিনিয়ারিং কলেজ হিসেবে যে স্বপ্নের বীজ বপন করেছিলেন, তা আজকের কুয়েট। কুয়েট গ্রাজুয়েটদের বেকার হিসেবে বসে থাকতে হয়না, বিষয়টি আমাদের আনন্দ দেয়। সভাপতির বক্তৃতায় কুয়েট ভিসি প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং এ প্রতিষ্ঠানের মেধাবী শিক্ষার্থীরা কুয়েটকে আজ মর্যাদার আসনে অধিষ্ঠিত করেছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নানকে ধন্যবাদ জানিয়ে কুয়েট'র ভাইস-চ্যান্সেলর আরো বলেন, সকলের সহযোগিতায় কুয়েট শিক্ষা, গবেষনা ক্ষেত্রে দ্রুত সামনের দিকে এগিয়ে যাচ্ছে এবং এ প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা দেশের উন্নয়নে কাজ করে চলেছে। উদ্বোধনী অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয় দিবস উদ্‌যাপন কমিটির সভাপতি ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার। সকাল ১০টায় অনুষ্ঠিত হয় আনন্দ শোভাযাত্রা। শোভাযাত্রায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, আমন্ত্রিত অতিথিসহ বাহারী সাজে সজ্জিত হয়ে বিভিন্ন হলের শিক্ষার্থীরা অংশগ্রহন করেন। শোভাযাত্রাটি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও ফুলবাড়ীগেট এলাকা প্রদক্ষীণ শেষে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের সামনে এসে শেষ হয়।

(১৭ পৃষ্ঠায় দেখুন)

## "আচার্য প্রফুল্ল চন্দ্র রায় আমাদের গর্ব"
-কুয়েট ভাইস-চ্যান্সেলর



আচার্য প্রফুল্ল চন্দ্র রায় এর জন্মজয়ন্তী অনুষ্ঠানে স্মারক বক্তব্য এবং মেমোরিয়াল সায়েন্টিফিক লেকচার প্রদানকারীগণদের স্মারক সম্মাননা প্রদান করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) বিশ্ববিখ্যাত বিজ্ঞানী আচার্য প্রফুল্ল চন্দ্র রায় এর ১৫৬ তম জন্মজয়ন্তী উদযাপিত হয়েছে। এ উপলক্ষ্যে ০২ আগস্ট বুধবার বিশ্ববিদ্যালয়ের ডিস্টেন্স লারনিং থিয়েটারে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রধান অতিথির বক্তৃতায় কুয়েট ভিসি বলেন, আচার্য প্রফুল্ল চন্দ্র রায় একজন বিশ্ববিখ্যাত বিজ্ঞানী ও গবেষক। তাঁর আবিস্কার ও গবেষনা রসায়ন চর্চায় নতুন যুগের সৃষ্টি করে। বাংলাদেশের খুলনার অজ পাড়াগায়ে জন্মেও তাঁর সৃষ্টি ছিল জগৎ খ্যাত। আচার্য প্রফুল্ল চন্দ্র রায় আমাদের গর্ব। আমাদেরকে গুনীর কদর করতে হবে। অনুষ্ঠানে আচার্য প্রফুল্ল চন্দ্র রায় এর জীবনীর উপর স্মারক বক্তৃতা করেন সরকারি বি এল কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক শংকর কুমার মল্লিক এবং "ইলেকট্রোকেমিক্যাল সিনথেসিস এন্ড ক্যারেকটারাইজেশন অফ বায়োলজিক্যাল ইম্পর্টেন্ট কম্পাউন্ডস" শীর্ষক মেমোরিয়াল সায়েন্টিফিক লেকচার প্রদান করেন কুয়েটের রসায়ন বিভাগের প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন এবং স্বাগত বক্তৃতা প্রদান করেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ অংশগ্রহণ করেন।


## "নতুন চিন্তার বিকাশই বাংলাদেশকে একটি স্বনির্ভর দেশে পরিণত করবে"
-কুয়েট ভাইস-চ্যান্সেলর




বিল্টেক ফেস্ট ২০১৭ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২য় বারের মত অনুষ্ঠিত হয়েছে দুইদিন ব্যাপী বিল্ডিং টেকনোলজি ফেস্টিভেল (বিল্টেক ফেস্ট) ২০১৭। বিশ্ববিদ্যালয়ের বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কন্সট্রাকশন ম্যানেজমেন্ট (বিইসিএম) বিভাগের আয়োজনে ০১ ডিসেম্বর শুক্রবার সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে ফেস্টটির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, "নতুন একটি বিভাগ হিসেবে যাত্রা শুরু করে বিইসিএম এর এ ধারাবাহিক আয়োজন সত্যিই প্রশংসার দাবি রাখে। নতুন চিন্তার বিকাশই বাংলাদেশকে একটি স্বনির্ভর দেশে পরিণত করবে। এক্ষেত্রে এই বিভাগের শিক্ষার্থীরা অগ্রণী ভূমিকা রাখবে।" বিইসিএম বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. এবিএম মহীউদ্দিন এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক মোঃ আব্দুল্লাহ পিইঞ্জ, সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী এবং সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের সাবেক শিক্ষক প্রফেসর ড. মোঃ আবুল বাশার।কন্সট্রাকশন ম্যানেজমেন্ট ও বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এর বিভিন্ন বিষয়ের উপর ভিত্তি করে বিভিন্ন প্রতিযোগিতামূলক ইভেন্ট ও ওয়ার্কশপে সাজানো বিল্টেক ফেস্ট ২০১৭ এ কন্সট্রাকশন ম্যানেজমেন্ট, সিভিল ইঞ্জিনিয়ারিংসহ (১৭ পৃষ্ঠায় দেখুন)

## কুয়েটে শান্তিপূর্ণভাবে ১ম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত




কুয়েটে ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বিএসসি ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সের ভর্তি পরীক্ষা চলাকালীন বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বিএসসি ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সের ভর্তি পরীক্ষা ২০ অক্টোবর শুক্রবার সকাল ১০টা থেকে দুপুর ১২.৩০টা পর্যন্ত অনুষ্ঠিত হয়। ভর্তি পরীক্ষা কুয়েট ক্যাম্পাসসহ নিকটস্থ টিচার্স ট্রেনিং কলেজ, এইচএসটিটিআই, টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, বয়েজ ও টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, মহিলা এ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়।

পরীক্ষা চলাকালীন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ভর্তি পরীক্ষার কেন্দ্রসমূহ পরিদর্শন করেন। এ সময় ভর্তি কমিটির সভাপতি প্রফেসর ড. মিহির রঞ্জন হালদারসহ সংশ্লিষ্টগণ উপস্থিত ছিলেন। ভাইস-চ্যান্সেলর প্রফেসর আলমগীর সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে ভর্তি পরীক্ষা সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করে ভর্তি পরীক্ষা কমিটির সদস্য, আইন শৃঙ্খলা বাহিনীর সদস্য, ভর্তিচ্ছু শিক্ষার্থী ও তাদের অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। কুয়েটে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে (১৯ পৃষ্ঠায় দেখুন)

## প্রশংসা কুড়িয়েছে কুয়েট ভিসি'র মাদক, র‌্যাগিং, ধুমপান ও যত্রতত্র বর্জ্য নিক্ষেপ বিরোধী প্রচারণা



কুয়েটে মাদক, র‌্যাগিং, ধুমপান ও যত্রতত্র বর্জ্য নিক্ষেপ বিরোধী প্রচারণায় শিক্ষক-শিক্ষার্থীদের মাঝে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) দুই সপ্তাহব্যাপী মাদক, র‌্যাগিং, ধুমপান ও যত্রতত্র বর্জ্য নিক্ষেপ বিরোধী প্রচারণা অনুষ্ঠিত হয়েছে। ০৩ জুলাই সকালে এ প্রচারণা শুরু করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় কুয়েট ভিসি বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেটেরিয়াল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, আরবান এন্ড রিজিওনাল প্লানিং, বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট, এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট বিভাগ, লেদার ইঞ্জিনিয়ারিং, বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং ও আর্কিটেকচার বিভাগের বিভিন্ন ব্যাচের ক্লাশরুমে গিয়ে মাদক, র‌্যাগিং, ধুমপান ও যত্রতত্র বর্জ্য নিক্ষেপ বিরোধী প্রচারণা করেন। এসময় মাদক, র‌্যাগিং, ধুমপান ও যত্রতত্র বর্জ্য নিক্ষেপের বিরুদ্ধে শিক্ষার্থীদের স্বাক্ষর গ্রহণ কর্মসূচী পালন করা হয়। প্রচারণাকালীন সময়ে সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় প্রধান, ক্লাস শিক্ষক, অন্যান্য শিক্ষক ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রচারণা সম্পর্কে আরবান এন্ড রিজিওনাল প্লানিং বিভাগের '১৩ ব্যাচের শিক্ষার্থী মিলা বলেন, ভিসি স্যার প্রত্যেক ক্লাসে গিয়ে যেভাবে আমাদের উদ্বুদ্ধ করছেন তাতে আমরা খুবই খুশি এবং বিষয়টি খুবই ইফেক্টিভ হবে। বিশ্ববিদ্যালয়ের লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের ৪র্থ বর্ষের ছাত্র পৃথ্বীরাজ কর্মকারের (১৮ পৃষ্ঠায় দেখুন)

## "এ্যাওয়ার্ড প্রদান শিক্ষার্থীদের মেধার স্বীকৃতি"

-কুয়েট ভাইস-চ্যান্সেলর



সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন এ্যাওয়ার্ড প্রাপ্ত শিক্ষার্থীদের সাথে অনুষ্ঠানের প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ অন্যান্য অতিথি ও শিক্ষকবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) অনুষদের আয়োজনে ২২ অক্টোবর রবিবার বিকাল সাড়ে ৩ টায় সিভিল ইঞ্জিনিয়ারিং ভবনে ডীন এ্যাওয়ার্ড প্রাপ্ত অনুষদভূক্ত বিভিন্ন বিভাগের শিক্ষার্থীদের সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রধান অতিথির বক্তৃতায় তিঁনি বলেন, এ্যাওয়ার্ড প্রদান শিক্ষার্থীদের মেধার স্বীকৃতি। এতে অন্যরাও অনুপ্রানিত হবে, যাতে তারাও পরবর্তীতে এধরনের স্বীকৃতি পেতে পারে। অনুষ্ঠানে সিই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, এমই অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, সিই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মুহাম্মাদ হারুনুর রশীদ, ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার, বিইসিএম বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. এবিএম মহিউদ্দিন ও আর্কিটেকচার বিভাগের বিভাগীয় প্রধান ড. বায়েজিদ ইসমাইল চৌধুরী এবং অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনসংযোগ কর্মকর্তা মনোজ কুমার মজুমদার। উল্লেখ্য, প্রতি সেশনের ২টি টার্মে ৩.৭৫ এর উপরে জিপিএ পাওয়া শিক্ষার্থীরা যাদের কোন বিষয়ে ব্যাকলক থাকে না তারা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক অর্ডিন্যান্সের ১৮.২ ধারা অনুযায়ী ডীন'স তালিকায় অন্তর্ভূক্ত হয়। সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের অন্তর্গত ৩টি বিভাগের ২০১২-১৩ থেকে ২০১৫-১৬ শিক্ষাবর্ষের মোট ২৬৩ জন শিক্ষার্থী এ তালিকায় অন্তর্ভূক্ত হয় এবং সার্টিফিকেট গ্রহণ করে।

## "শিক্ষার্থীদের সাফল্য আমাদের উজ্জীবিত করে"

-কুয়েট ভাইস-চ্যান্সেলর




ইইই অনুষদের ডীন এ্যাওয়ার্ড প্রাপ্ত শিক্ষার্থীদের সাথে অনুষ্ঠানের প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ অন্যান্য অতিথি ও শিক্ষকবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) অনুষদের আয়োজনে ৩১ অক্টোবর মঙ্গলবার বিকালে ইইই বিভাগের সেমিনার কক্ষে ডীন এ্যাওয়ার্ড প্রাপ্ত অনুষদভূক্ত বিভিন্ন বিভাগের শিক্ষার্থীদের সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রধান অতিথির বক্তৃতায় তিঁনি বলেন, শিক্ষার্থীদের সাফল্য আমাদের উজ্জীবিত করে। এ্যাওয়ার্ড প্রদান শিক্ষার্থীদের মেধার স্বীকৃতি। এতে অন্যরাও অনুপ্রানিত হবে, যাতে তারাও পরবর্তীতে এধরনের স্বীকৃতি পেতে পারে। অনুষ্ঠানে ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিই অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, এমই অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, (২য় পৃষ্ঠায় দেখুন)

## মেধাবী শিক্ষার্থীরাই হবে বাংলাদেশের শক্তি"

-কুয়েট ভাইস-চ্যান্সেলর



কুয়েটের এমই অনুষদের ডীন এ্যাওয়ার্ড প্রাপ্ত বিভিন্ন বিভাগের শিক্ষার্থীদের সাথে অনুষ্ঠানের প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ অন্যান্য অতিথিবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) অনুষদের আয়োজনে ২১ ডিসেম্বর বৃহস্পতিবার বিকালে এমই বিভাগের সেমিনার কক্ষে ডীন এ্যাওয়ার্ড প্রাপ্ত অনুষদভূক্ত বিভিন্ন বিভাগের শিক্ষার্থীদের সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রধান অতিথির বক্তৃতায় তিঁনি বলেন, "এদেশের মেধাবী শিক্ষার্থীরা বিভিন্ন ভাবে দেশের মুখ উজ্জল করছে। তাঁরাই হবে দেশের শক্তি। শিক্ষার্থীদের সাফল্য আমাদের উজ্জীবিত করে। এ্যাওয়ার্ড প্রদান শিক্ষার্থীদের মেধার স্বীকৃতি। এতে অন্যরাও অনুপ্রানিত হবে, যাতে তারাও পরবর্তীতে এধরনের স্বীকৃতি পেতে পারে"। অনুষ্ঠানে এমই অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর মোঃ গোলাম কাদের, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট বিভাগের বিভাগীয় প্রধান ড. আজিজুর রহমান, এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম, লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান ড. মোঃ আবুল হাসেম, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোহাম্মদ আবদুল জলিল এবং অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনসংযোগ কর্মকর্তা মনোজ কুমার মজুমদার।

## এডুকেশন লিডারশিপ অ্যাওয়ার্ড পেলেন কুয়েট'র প্রফেসর



বাংলাদেশ এডুকেশন লিডারশিপ অ্যাওয়ার্ড ২০১৭ প্রাপ্ত সিই বিভাগে প্রফেসর ড. মোঃ মঞ্জুর হোসেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন।

লিডারশিপ অ্যাওয়ার্ড ২০১৭ এ সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে সেরা অধ্যাপক এর অ্যাওয়ার্ড পেয়েছেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ মঞ্জুর হোসেন। ২৯ অক্টোবর রবিবার ঢাকা'র একটি অভিজাত হোটেলে "দক্ষিণ এশিয়ার অংশীদারিত্ব" শীর্ষক এক সম্মেলনে এ অ্যাওয়ার্ড প্রদান করা হয়। সিঙ্গাপুর ভিত্তিক প্রতিষ্ঠান "সিএমও-এশিয়া" এবং "ওয়ার্ল্ড এডুকেশন কনগ্রেস" এ অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন "ওয়ার্ল্ড সিএসআর ডে এন্ড ওয়ার্ল্ড সাসটেইনেবিলিটি" এর প্রতিষ্ঠাতা ড. আর এল ভাতিয়া। ৩১ অক্টোবর মঙ্গলবার সকাল ১০টায় কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে অ্যাওয়ার্ড প্রাপ্ত প্রফেসর ড. মোঃ মঞ্জুর হোসেন সৌজন্য স্বাক্ষাত করেন। এসময় ভাইস-চ্যান্সেলর তাকে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে অভিনন্দন জানান। এসময় বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী এবং সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মুহাম্মাদ হারুনুর রশীদ উপস্থিত ছিলেন।

## "বঙ্গবন্ধুর অপর নাম বাংলাদেশ"
### -কুয়েট ভাইস-চ্যান্সেলর



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ "বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য" হিসেবে স্বীকৃতি লাভ উদযাপন উপলক্ষে বক্তৃতা করেন কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ "বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য" হিসেবে ইউনেস্কো কর্তৃক স্বীকৃতি লাভ উদযাপন উপলক্ষে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) বিভিন্ন কর্মসূচি পালিত হয়েছে। ২৫ নভেম্বর শনিবার সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সম্মুখে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনের মধ্যদিয়ে কর্মসূচি শুরু হয়। বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধা নিবেদন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থীবৃন্দ ও ক্যাম্পাসস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। শ্রদ্ধা নিবেদনের পর সংক্ষিপ্ত বক্তৃতায় কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, "বঙ্গবন্ধুর অপর নাম বাংলাদেশ। বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ মুক্তিযুদ্ধে বাঙ্গালীকে অনুপ্রেরণা যুগিয়েছে। এ ভাষণ এখনও আমাদের শরীর ও মনে শিহরণ জাগায়। "বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য" হিসেবে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ স্বীকৃতি পাওয়ায় আমরা গর্বিত।" এসময় আরো বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া এবং বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখার সভাপতি মোঃ আবুল হাসান শোভন।

সকাল ১০টায় ক্যাম্পাসস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের শিক্ষার্থী, শিক্ষক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের সঙ্গে নিয়ে আনন্দ শোভাযাত্রার নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

## বঙ্গবন্ধুর হত্যাকারীদের দেশে ফিরিয়ে ফাঁসি কার্যকরের দাবি
## কুয়েট ভাইস-চ্যান্সেলর'র মাধ্যমে পররাষ্ট্রমন্ত্রী বরাবর কুয়েট ছাত্রলীগের স্মারকলিপি



বিদেশে পলাতক বঙ্গবন্ধুর আত্মস্বীকৃত খুনীদের দেশে ফিরিয়ে এনে ফাঁসি কার্যকর করার দাবিতে কুয়েট ভাইস-চ্যান্সেলর এর মাধ্যমে পররাষ্ট্রমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করেন কুয়েট শাখা ছাত্রলীগ।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যদের আত্মস্বীকৃত খুনী যারা বিদেশে পালিয়ে রয়েছে, তাদের দেশে ফিরিয়ে এনে ফাঁসি কার্যকর করার দাবিতে কুয়েট ভাইস-চ্যান্সেলর এর মাধ্যমে পররাষ্ট্রমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করেছে কুয়েট শাখা ছাত্রলীগ। ০৭ আগষ্ট সোমবার বিকালে বাংলাদেশ ছাত্রলীগ, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর নবগঠিত কমিটি ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাৎ এবং স্মারকলিপি হস্তান্তর করেন। সংগঠনের নবগঠিত কমিটির সভাপতি মোঃ আবুল হাসান শোভন ও সাধারণ সম্পাদক সাদমান নাহিয়ান সেজান এর নেতৃত্বে এসময় সংগঠনের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন। এ সময় ভাইস-চ্যান্সেলর নবগঠিত নেতৃবৃন্দকে শুভেচ্ছা জানান এবং তাদেরকে পড়াশুনা ও জ্ঞানচর্চাকে প্রথম গুরুত্ব দিয়ে গঠনমূলক ও সুষ্ঠু ছাত্র রাজনীতি করার পরামর্শ দেন।

## "সারডিনিয়া ২০১৭" আন্তর্জাতিক সিম্পোজিয়ামে কুয়েট ভাইস-চ্যান্সেলরের অংশগ্রহণ




ইটালিতে অনুষ্ঠিত "সারডিনিয়া ২০১৭" ১৬তম ইন্টারন্যাশনাল ওয়েষ্ট ম্যানেজমেন্ট এন্ড ল্যান্ডফিল সিম্পোজিয়ামে অংশগ্রহন করেন কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

০২ থেকে ০৬ অক্টোবর ইটালিতে অনুষ্ঠিত "সারডিনিয়া ২০১৭" ১৬তম ইন্টারন্যাশনাল ওয়েষ্ট ম্যানেজমেন্ট এন্ড ল্যান্ডফিল সিম্পোজিয়ামে অংশগ্রহন করেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রফেসর আলমগীর ০২ এবং ০৪ অক্টোবর যথাক্রমে "ডব্লিউএম কনসেপ্টস ইন ডিফারেন্ট কান্ট্রিস" এবং "এনারোবিক ডাইজেশন-বায়োগ্যাস ইউটিলাইজেশন" শীর্ষক টেকনিক্যাল সেশনে চেয়ার এর দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি ০৫ ও ০৬ অক্টোবর যথাক্রমে "ম্যানেজমেন্ট অফ ফ্যাকল স্লাজ থ্রো কো-কম্পোষ্টিং এপ্রোচ ইন কুষ্টিয়া মিউনিসিপ্যালিটি অফ বাংলাদেশ (গবেষক:এন.এ.হাফিজ, এস.এম.টি.ইসলাম, এম.আলমগীর)" এবং "সিমুলেশন অফ সাসটেইনেবল সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট সিস্টেম অফ খুলনা সিটি ইন বাংলাদেশ থ্রো লাইফ সাইকেল এ্যাসেসমেন্ট (গবেষক:এম.এস.ইসলাম, এস.এম.মনিরুজ্জামান,এম.আলমগীর) উপস্থাপন করেন। পোষ্টার সেশনে "এক্সপেরিমেন্টাল স্টাডি অন দি সেফ ইউজ অফ ফ্যাকল স্লাজ এন্ড অর্গানিক সলিড ওয়েস্ট থ্রো কো-কম্পোষ্টিং ইন একুয়াকালচার (গবেষক:এস.সাহা, এম.আলমগীর)" এবং "ইউজ ইন জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম ফর দি ইভালুশন অফ সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট প্রাকটিস ইন খুলনা সিটি (গবেষক: এস.গোলদার, এম.আলমগীর)" উপস্থাপন করেন। এছাড়া তিনি ০৬ অক্টোবর "লেচেট ম্যানেজমেন্ট ইন ট্রপিক্যাল এরিয়াস-কন্সট্রেইন্টস, সলিউশনস, চ্যালেন্জ" শীর্ষক আইডব্লিউডব্লিউজি কর্মশালায় কো-চেয়ার এর দায়িত্ব পালন করেন এবং ব্রিফ প্রদান করেন। সিম্পোজিয়ামে অংশগ্রহনের পূর্বে কুয়েট ভিসি ইটালীর প্যাডোভা বিশ্ববিদ্যালয়ের সাথে সায়েন্টিফিক কোলেবোরেশনে অংশগ্রহণ করেন।

## আন্তর্জাতিক বিতর্ক প্রতিযোগিতায় কুয়েট রানার্স-আপ



আন্তর্জাতিক বিতর্ক প্রতিযোগিতায় রানার্স-আপ কুয়েট শিক্ষার্থীরা ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন।

আন্তর্জাতিক বিতর্ক প্রতিযোগিতায় রানার্স-আপ হয়েছে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষার্থীরা। ১৪-১৬ সেপ্টেম্বর ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ ডিবেটিং ক্লাব কর্তৃক ঢাকায় এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। কুয়েট থেকে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীরা হলেন '১৫ ব্যাচের ইইই বিভাগের রশীদ সিদ্দীক তুর্য এবং বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগের মোঃ ফারহান তাভির। ২১ সেপ্টেম্বর দুপুর ১:৩০ টায় কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে বিজয়ী শিক্ষার্থীরা সৌজন্য স্বাক্ষাত করেন। এসময় ইউআরপি বিভাগের প্রভাষক ও কুয়েট ডিবেটিং সোসাইটির মডারেটর তন্ময় চক্রবর্তী, কুয়েট ডিবেটিং সোসাইটি'র সভাপতি তানবিবুর রহমানসহ অন্যান্য শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

## "গবেষণা ও উন্নয়নের মাধ্যমে তথ্য প্রযুক্তিতে বাংলা ভাষা সমৃদ্ধকরণ" প্রকল্পের সেমিনার অনুষ্ঠিত



কুয়েটে "গবেষণা ও উন্নয়নের মাধ্যমে তথ্য প্রযুক্তিতে বাংলা ভাষা সমৃদ্ধকরণ" প্রকল্পের সেমিনারে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) "গবেষণা ও উন্নয়নের মাধ্যমে তথ্য প্রযুক্তিতে বাংলা ভাষা সমৃদ্ধকরণ" প্রকল্পের সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ডিজিটাল বাংলাদেশ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের উদ্যোগ ও আয়োজনে এবং বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগিতায় ০২ নভেম্বর বৃহস্পতিবার বিকালে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে এ সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে সিএসই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মুহাম্মদ শেখ সাদীর সভাপতিত্বে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথির বক্তৃতা করেন কুয়েটের সিএসই বিভাগের প্রফেসর ড. এম এম এ হাশেম, গবেষণা ও উন্নয়নের মাধ্যমে তথ্য প্রযুক্তিতে বাংলা ভাষা সমৃদ্ধকরণ প্রকল্পের পরিচালক মোঃ সারওয়ার মোস্তফা চৌধুরী ও প্রকল্পের কনসালটেন্ট মামুনুর রশীদ। সেমিনারের কারিগরি অধিবেশনে কী নোট পেপার উপস্থাপন করেন সিএসই বিভাগের প্রফেসর ড. আজহারুল হাসান এবং প্রশ্নোত্তর পর্ব পরিচালনা করেন প্রকল্পের কনসালটেন্ট মামুনুর রশীদ। আন্তর্জাতিক পর্যায়ে বাংলা ভাষাকে তুলে ধরার জন্য এই প্রকল্পের মাধ্যমে পূর্ণাঙ্গ বাংলা কর্পাস, বাংলা স্পিচ টু টেক্সট এবং টেক্সট টু স্পিচ, বাংলা ওসিআরসহ সর্বোমোট ১৬টি কম্পোনেন্ট ডেভলপমেন্টের চলমান কাজ এবং ডেভেলপমেন্ট অফ বাংলা ফ্রন্ট ইন্টারোফিরাবিলিটি ইঞ্জিনসহ অন্যান্য বাস্তবায়নাধীন কম্পোনেন্টসমূহ নিয়ে নলেজ শেয়ারিং ও মতবিনিময়ের জন্য এ সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক, গবেষক এবং শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।

## 'রাসবেরী পাই' ওয়ার্কশপ অনুষ্ঠিত



রাসবেরী পাইঃ প্রজেক্ট ডিজাইন এন্ড ইমপ্লিমেন্টেশন ওয়ার্কশপের সমাপনী অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) ফ্যাব্রিকেশন ল্যাবরেটরীতে (ফ্যাব ল্যাব) "রাসবেরী পাইঃ প্রজেক্ট ডিজাইন এন্ড ইমপ্লিমেন্টেশন" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ১১ নভেম্বর শনিবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের নতুন একাডেমিক ভবনে ফ্যাব্রিকেশন ল্যাবরেটরীতে (ফ্যাব ল্যাব) দুই দিনব্যাপী অনুষ্ঠিত এ ওয়ার্কশপের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রধান অতিথির বক্তৃতায় কুয়েট ভাইস-চ্যান্সেলর বলেন, আমাদের শিক্ষার্থীরা অনেক মেধাবী। শিক্ষার্থীদের আইডিয়া প্রকাশের ব্যবস্থা আমাদেরকেই করতে হবে। ফ্যাব ল্যাব হবে আইডিয়া প্রকাশের মাধ্যম। শিক্ষার্থীদের ভাবনাকে বাস্তবে রূপ দেওয়ার জন্য ফ্যাব ল্যাব অনন্য ভূমিকা পালন করবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংশ্লিষ্ট প্রজেক্টের সাব প্রোজেক্ট ম্যানেজার প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী এবং বিশেষ অতিথির বক্তৃতা করেন সংশ্লিষ্ট প্রোজেক্টের ডেপুটি সাব প্রোজেক্ট ম্যানেজার ড. মোঃ মাহবুব হাসান।

# সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে ওয়ার্কশপ অনুষ্ঠিত



সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে "সেকেন্ড ওয়ার্কশপঃ শেয়ারিং দি সার্ভে রেজাল্টস" এ প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগে "সেকেন্ড ওয়ার্কশপঃ শেয়ারিং দি সার্ভে রেজাল্টস" অনুষ্ঠিত হয়েছে। ৩১ জুলাই সোমবার সিই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির আয়োজনে ওয়ার্কশপটি বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। সকাল ১০টায় ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথির বক্তৃতা করেন সিই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম, আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। সভাপতিত্ব করেন সিই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির সভাপতি প্রফেসর ড. মোঃ মঞ্জুর হোসেন। অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির সদস্য ও বিভাগীয় প্রধান প্রফেসর ড. মুহাম্মাদ হারুনুর রশীদ। ওয়ার্কশপে সিই বিভাগসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## "এক্সপ্লোরিং লেদার সেক্টর" বিষয়ক সেমিনার অনুষ্ঠিত




"এক্সপ্লোরিং লেদার সেক্টর" বিষয়ক সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) "এক্সপ্লোরিং লেদার সেক্টরঃ ফিউচার স্কোপস, এমপ্লয়মেন্ট অপরচুনিটিস এন্ড সর্টকামিংস" শীর্ষক দিনব্যাপী সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের লেদার ইঞ্জিনিয়ারিং (এলই) বিভাগের আয়োজনে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে ০৪ নভেম্বর সকালে সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার এবং সভাপতিত্ব করেন এলই বিভাগের বিভাগীয় প্রধান ড. মোঃ আবুল হাসেম। সেমিনারে স্বাগত বক্তৃতা করেন এলই বিভাগের সহকারী অধ্যাপক জিয়া উদ্দিন মুঃ চৌধুরী এবং থিম পেপার "স্কোপ, ডাইভার্সিটি এন্ড কেরিয়ার অপরচুনিটিস ফর দ্যা লেদার ইঞ্জিনিয়ার্সঃ বাংলাদেশ পার্সপেকটিভ" উপস্থাপন করেন তাকামাতসু সু কোঃ লিঃ এর ম্যানেজিং ডাইরেক্টর এস এ এম ইউসুফ। সেমিনারে টেকনিক্যাল সেশন পরিচালনা করেন ইউএস-বাংলা লেদার প্রডাক্টস লিঃ এর জেনারেল ম্যানেজার(অপারেশন) মোঃ গোলাম শাহনেওয়াজ, ভেনচুরা লেদারওয়্যার এমএফওয়াই(বিডি) লিঃ এর হিউম্যান রিসোর্স ম্যানেজার মোঃ সাইফুল হক, পুমা এসই এর ফুটওয়্যার অপারেশন এর সহকারী প্রডাকশন ম্যানেজার কাজী মেহেদী হাসান এবং ডিকাথ্লন এর অপারেশনাল প্রোসেস ম্যানেজার (ডেভেলপমেন্ট এন্ড ইন্ডাস্ট্রিয়ালাইজেশন) মাহবুব আলম ভূইয়া। এছাড়াও সেমিনারে শিক্ষার্থীদের পোষ্টার প্রেজেন্টেশন অনুষ্ঠিত হয়। সেমিনারে বিশ্ববিদ্যালয়ের লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

## লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগে ওয়ার্কশপ অনুষ্ঠিত




লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগে "ওয়ার্কশপ ২ঃ শেয়ারিং দি সার্ভে রেজাল্টস" এ প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) লেদার ইঞ্জিনিয়ারিং (এলই) বিভাগে "ওয়ার্কশপ ২ঃ শেয়ারিং দি সার্ভে রেজাল্টস" অনুষ্ঠিত হয়েছে। ৩০ জুলাই রবিবার এলই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির আয়োজনে ওয়ার্কশপটি বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। সকাল সাড়ে ১০টায় ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথির বক্তৃতা করেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। সভাপতিত্ব করেন এলই বিভাগের বিভাগীয় প্রধান ও বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির সভাপতি ড. মোঃ আবুল হাসেম। অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির সদস্য ড. মোঃ ইলিয়াস উদ্দিন এবং টেকনিক্যাল সেশন পরিচালনা করেন এলই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির সদস্য ড. মোঃ আব্দুল্লাহ-আল-মামুন। ওয়ার্কশপে এলই বিভাগসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## ইনফরমেশন টেকনোলজী এন্ড ক্যারিয়ার কার্নিভাল অনুষ্ঠিত



কুয়েটে ইনফরমেশন টেকনোলজী এন্ড ক্যারিয়ার কার্নিভাল অনুষ্ঠিত।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে'র (কুয়েট) ইলেকট্রনিক্স ও কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগের আয়োজনে ইনফরমেশন টেকনোলজী এন্ড ক্যারিয়ার কার্নিভাল ২৯ জুলাই শনিবার বিকাল ৩টায় সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের অনুষ্ঠিত হয়। কার্নিভালে রিসোর্স পার্সন ছিলেন ইঞ্জিঃ মোঃ শাহিনুর আলম, সিনিয়র ক্লাউড সলুশন ম্যানেজার, এরিকসন, আয়ারল্যান্ড এন্ড সিইও ইয়থ কার্নিভাল, ইঞ্জিঃ মুহাম্মাদ ইদ-ই-আমিন, ডিজিএম, ফাইবার হোম লিমিটেড এন্ড এ্যাডভাইজার ইয়থ কার্নিভাল, ইঞ্জিঃ মুহাম্মদ আরিফুল হক, কী একাউন্ট ম্যানেজার, নকিয়া, বাংলাদেশ, ইঞ্জিঃ সুমন সাহা, ফাউন্ডার এন্ড প্রেসিডেন্ট বিএসএস এন্ড এডভাইজার, ইয়থ কার্নিভাল, ইঞ্জিঃ মোঃ আব্দুল্লাহ আল-মাহমুদ, সিটিও, ইয়থ কার্নিভাল। কার্নিভালে আইসিটি বিষয়ক আধুনিক প্রযুক্তি, ভবিষ্যৎ কর্মপরিকল্পনা ও ক্যারিয়ার নির্বাচন বিষয়ে সচেতনতা বৃদ্ধি ও করনীয় নির্ধারণ নিয়ে মেশিন লারনিং, ক্লাউড কম্পিউটিং এন্ড বিগ ডাটা, ক্যারিয়ার ডেভেলপমেন্ট, লিডারশীপ এন্ড কমিউনিকেশনস এর উপর আলোচনা করা হয়। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ইসিই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ ফারুক হোসেন। এসময় ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, ইসিই বিভাগের শিক্ষকবৃন্দ, ইসিই, সিএসই, ইইই বিভাগের শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## সেপ্টিক ট্যাঙ্ক নির্মাণ কাজে রাজমিস্ত্রি প্রশিক্ষণ অনুষ্ঠিত




সেপ্টিক ট্যাঙ্ক নির্মাণ কাজে রাজমিস্ত্রি প্রশিক্ষণ কর্মসূচির প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ অন্যান্য অতিথি ও প্রশিক্ষণার্থীগণ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) সেপ্টিক ট্যাঙ্ক নির্মাণ কাজে রাজমিস্ত্রি প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। ১৩ অক্টোবর শুক্রবার খুলনা সিটি কর্পোরেশন (কেসিসি) ও এসএনভি এর সহযোগিতায় বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অফ ডিজাস্টার ম্যানেজমেন্টে দিনব্যাপি প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন। এ সময় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন সিই বিভাগের প্রফেসর ড. খন্দকার মাহবুব হাসান, কেসিসি'র নির্বাহী প্রকৌশলী এম এ আজিজ, এসএনভি'র প্রকৌশলী শহিদুল ইসলাম। প্রশিক্ষণ প্রদান করেন প্রকৌশলী নোমান আল হাফিজ, প্রকৌশলী আল আমীন, প্রকৌশলী মেহেদি হাসান মিশুক এবং প্রকৌশলী ফাতেমা নাজনিন। সেপ্টিক ট্যাঙ্ক সিস্টেম, আইনগত বিষয়, নির্মানে ইট, বালু ও কংক্রিট সম্পর্কিত বিষয়, প্লাম্বিং এবং পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা পদ্ধতিসমূহ নিয়ে মোট ৪টি অধিবেশনে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, বিল এন্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশন এবং ডিএফআইডি এর অর্থায়নে স্বাস্থ্যসম্মত এবং পরিবেশ বান্ধব সেপ্টিক ট্যাঙ্ক নির্মাণের জন্য বাংলাদেশে প্রথম বারের মত রাজমিস্ত্রিদের নিয়ে প্রশিক্ষণ কর্মসূচি কুয়েটে অনুষ্ঠিত হলো।

## রসায়ন বিভাগে ওয়ার্কশপ অনুষ্ঠিত



রসায়ন বিভাগে "ওয়ার্কশপ ২ঃ শেয়ারিং দি সার্ভে রেজাল্টস" এ প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) রসায়ন বিভাগে "ওয়ার্কশপ ২ঃ শেয়ারিং দি সার্ভে রেজাল্টস" অনুষ্ঠিত হয়েছে। ২৭ আগষ্ট রবিবার রসায়ন বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির আয়োজনে ওয়ার্কশপটি বিশ্ববিদ্যালয়ের ডিস্টেন্স লার্নিং থিয়েটারে অনুষ্ঠিত হয়। সকাল ১০টায় ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথির বক্তৃতা করেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ভারপ্রাপ্ত ডীন প্রফেসর ড. মোঃ বজলার রহমান, আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। সভাপতিত্ব করেন রসায়ন বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির সভাপতি প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন। অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোহাম্মাদ হাসান মোর্শেদ এবং টেকনিক্যাল সেশন পরিচালনা করেন প্রফেসর ড. মোঃ আব্দুল আজিজ। ওয়ার্কশপে রসায়ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থীসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তাগণ অংশগ্রহন করেন।

# গণিত বিভাগে ওয়ার্কশপ অনুষ্ঠিত



গণিত বিভাগে "সেকেন্ড ওয়ার্কশপঃ শেয়ারিং দি সার্ভে রেজাল্টস" এ প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) গণিত বিভাগে "সেকেন্ড ওয়ার্কশপঃ শেয়ারিং দি সার্ভে রেজাল্টস" অনুষ্ঠিত হয়েছে। ০২ আগষ্ট বুধবার গণিত বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির আয়োজনে ওয়ার্কশপটি বিশ্ববিদ্যালয়ের ডিস্টেন্স লারনিং থিয়েটারে অনুষ্ঠিত হয়। সকাল ১০টায় ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথির বক্তৃতা করেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম, আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। সভাপতিত্ব করেন গণিত বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির সভাপতি প্রফেসর ড. মোঃ বজলার রহমান। অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির সদস্য ও গণিত বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. এম এম তৈহিদ হোসেন। ওয়ার্কশপে গণিত বিভাগসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

# "বিতর্ক মানব জীবনের প্রতিটি ক্ষেত্রকে সম্মৃদ্ধ করে"

-কুয়েট ভাইস-চ্যান্সেলর




কেডিএস ডিভিশনাল ডিবেট টুর্নামেন্ট ২০১৭ এর বিভিন্ন পর্বে বিজয়ী, বিচারক ও অতিথিদের সঙ্গে অনুষ্ঠানের প্রধান অতিথি কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) ডিবেটিং সোসাইটি'র (কেডিএস) আয়োজনে "কেডিএস ডিভিশনাল ডিবেট টুর্নামেন্ট ২০১৭" এর ফাইনাল ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। ২৪ অক্টোবর রাতে বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং ভবনের সেমিনার কক্ষে অনুষ্ঠিত আকর্ষনীয় এই বিতর্ক প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দীর্ঘ সময় ধরে প্রতিযোগিতা উপভোগ করেন এবং প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রধান অতিথির বক্তৃতায় কুয়েট ভাইস-চ্যান্সেলর বলেন, "বিতর্ক মানব জীবনের প্রতিটি ক্ষেত্রকে সম্মৃদ্ধ করে। বিতার্কিকরা জীবনে সফল হবেই। সহশিক্ষা কার্যক্রম হিসেবে বিতর্কের অঙ্গণে শিক্ষার্থীদের স্বাগত জানিয়ে কুয়েট ভাইস-চ্যান্সেলর বলেন, বিতর্ক মানুষকে সহনশীল হতে সাহায্য করে, মানুষের মুক্ত বুদ্ধির উন্মেষ ঘটায়।" কেডিএস এর মডারেটর ও ইউআরপি বিভাগের প্রভাষক তন্ময় চক্রবর্তীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া। সংসদীয় মডেলের বিতর্কে খুলনা বিভাগের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজের মোট ২৪টি দল অংশগ্রহণ করে। টুর্নামেন্টের ফাইনাল বিতর্কে খুলনা বিশ্ববিদ্যালয় এবং খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পরস্পরের মুখোমুখি হয়। বিতর্ক শেষে খুলনা বিশ্ববিদ্যালয় চ্যাম্পিয়ন এবং কুয়েট রানার আপ হওয়ার গৌরব অর্জন করে।

# ইসিই বিভাগে ওয়ার্কশপ অনুষ্ঠিত



ইসিই বিভাগে "সেকেন্ড ওয়ার্কশপঃ শেয়ারিং দি সার্ভে রেজাল্ট" এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন (ইসিই) বিভাগে "সেকেন্ড ওয়ার্কশপঃ শেয়ারিং দি সার্ভে রেজাল্ট" অনুষ্ঠিত হয়েছে। ২৮ আগষ্ট সোমবার ইসিই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির আয়োজনে ওয়ার্কশপটি বিভাগের সেমিনার রুমে অনুষ্ঠিত হয়। সকাল সাড়ে ১০টায় ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথির বক্তৃতা করেন ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। সভাপতিত্ব করেন ইসিই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ ফারুক হোসেন। অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন প্রফেসর ড. মোঃ মোস্তাফিজুর রহমান এবং টেকনিক্যাল সেশন পরিচালনা করেন প্রফেসর ড. এ বি এম আওলাদ হোসেন। ওয়ার্কশপে ইসিই বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থীসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তাগণ অংশগ্রহন করেন।

# "এপ্লাইড রিসার্চ অন এনার্জি এন্ড পাওয়ার" বিষয়ক ওয়ার্কশপ অনুষ্ঠিত



কুয়েটে "এপ্লাইড রিসার্চ অন এনার্জি এন্ড পাওয়ার" বিষয়ক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) "এপ্লাইড রিসার্চ অন এনার্জি এন্ড পাওয়ার" বিষয়ক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের আয়োজনে ও বাংলাদেশ এনার্জি এন্ড পাওয়ার রিসার্চ কাউন্সিল এর সহযোগিতায় এ ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের ডিস্টান্স লারনিং থিয়েটারে ১০ অক্টোবর সকাল ১০টায় ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ এনার্জি এন্ড পাওয়ার রিসার্চ কাউন্সিল এর চেয়ারম্যান সাহিন আহমেদ চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার। স্বাগত বক্তৃতা করেন ইইই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ শাহজাহান। ওয়ার্কশপে রিসোর্স পার্সন ছিলেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. এ এন এম মিজানুর রহমান এবং ইইই বিভাগের সহযোগী অধ্যাপক ড. নরোত্তম কুমার রায়।

# "ইনোভেশন এন্ড ইনোভেটর সেল" এর সাধারণ সভা অনুষ্ঠিত

(১১ পৃষ্ঠার পর) পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য, কুয়েটে পাবলিক-প্রাইভেট পার্টনারশীপ কনসেপ্টে বাংলাদেশে প্রথম দি আইআইসি-ইনোভেশন এন্ড ইনোভেটর সেল গঠিত হয়। এই উদ্যোগে সেন্টার ফর পলিসি রিসার্স, বাংলাদেশ (সিপিআর,বি) কারিগরি সহযোগিতা প্রদান করে।

## ভাইস-চ্যান্সেলরের সাথে সিএসই বিভাগের ইপিআর টিমের সৌজন্য স্বাক্ষাত



কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সঙ্গে সৌজন্য স্বাক্ষাত করেন বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট এর জন্য আগত এক্সটারনাল পেয়ার রিভিউ টিমের সদস্যগণ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সঙ্গে গত ০৬ নভেম্বর দুপুরে সৌজন্য স্বাক্ষাত করেছেন বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট এর জন্য আগত এক্সটারনাল পেয়ার রিভিউ টিমের সদস্যগণ। এক্সটারনাল পেয়ার রিভিউ টিমের সদস্য হিসেবে উপস্থিত ছিলেন কোয়ালিটি অ্যাসিওরেন্স এক্সপার্ট রাজারাটা ইউনিভার্সিটি অফ শ্রীলংকার প্রফেসর ড. প্রতিভা অরুনি ওয়ারাসিনগি, কোয়ালিটি অ্যাসিওরেন্স এক্সপার্ট বাংলাদেশ এগ্রিকালচার ইউনিভার্সিটি ময়মনসিংহ এর প্রফেসর ড. মোঃ মোজহার আলী এবং সাবজেক্ট এক্সপার্ট বুয়েটের সিএসই বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ মাশরুর আলী। সৌজন্য স্বাক্ষাতকালীন সময়ে অন্যদের মধ্যে আরো উপস্থিত ছিলেন কুয়েটের আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান। রিভিউ টিমের সদস্যরা সিএসই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট এর তিনদিনব্যাপী ইভালুশনের অংশ হিসেবে বিশ্ববিদ্যালয়ের ডীনবৃন্দ, পরিচালকবৃন্দ, আইকিউএসি এর পরিচালক ও অতিরিক্ত পরিচালক, শিক্ষকবৃন্দ, রেজিস্ট্রার, লাইব্রেরিয়ান, চিফ মেডিকেল অফিসার, পরীক্ষা নিয়ন্ত্রক, কর্মকর্তাবৃন্দ, সাবেক শিক্ষার্থী, স্নাতকোত্তর শিক্ষার্থী এবং কর্মচারীবৃন্দের সাথে মতবিনিময় এবং বিভিন্ন বিজ্ঞানাগার, হলসমূহ, ব্যায়ামাগার, অডিটরিয়াম, সেন্ট্রাল কম্পিউটার সেন্টার পরিদর্শন করেন।

## ইইই বিভাগ পরিদর্শনে এক্সটারনাল পেয়ার রিভিউ টিম



ইইই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির কার্যক্রম পরিদর্শনে এক্সটারনাল পেয়ার রিভিউ টিম।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির কার্যক্রম পরিদর্শন করছে এক্সটারনাল পেয়ার রিভিউ টিম। এক্সটারনাল পেয়ার রিভিউ টিমের সদস্যের মধ্যে রয়েছেন শ্রীলঙ্কা থেকে আগত ড. এসজেএমএনজি সামারাকন, রুয়েটের ইইই বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ আব্দুল গফফার খান, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের প্রফেসর ড. এস এম কবির। ১২ ডিসেম্বর মঙ্গলবার সকাল ১১ টায় মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন এবং অ্যাকটিং ভাইস-চ্যান্সেলর (রুটিন ওয়ার্ক) প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার এর সাথে সৌজন্য স্বাক্ষাত করে প্রতিনিধি দলটি। এসময় কুয়েটের আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান উপস্থিত ছিলেন। রিভিউ টিমের সদস্যরা ইইই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট এর তিনদিনব্যাপী ইভালুশনের অংশ হিসেবে বিভিন্ন কার্যক্রম সম্পন্ন করেন।

## ভাইস-চ্যান্সেলর এর সাথে ইসিই বিভাগের ইপিআর টিমের সৌজন্য সাক্ষাত



কুয়েট ইসিই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির কার্যক্রম পরিদর্শনে আগত এক্সটারনাল পেয়ার রিভিউ টিম বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য সাক্ষাত করেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির কার্যক্রম পরিদর্শনে আগত এক্সটারনাল পেয়ার রিভিউ টিম (ইপিআরটি) বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেছেন। এক্সটারনাল পেয়ার রিভিউ টিমের সদস্যের মধ্যে ছিলেন ইউনিভার্সিটি মালয়েশিয়া পারলিস এর সহযোগী অধ্যাপক ড. হুজিলি হুসিন, বাংলাদেশ এগ্রিকালচার বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. মোঃ সোলাইমান আলী ফকির এবং উত্তরা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. কাজী খায়রুল ইসলাম। ২৬ ডিসেম্বর মঙ্গলবার বিকাল ৫ টায় কুয়েট ভাইস-চ্যান্সেলরের কার্যালয়ে এ সৌজন্য স্বাক্ষাত অনুষ্ঠিত হয়। এসময় কুয়েটের আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান উপস্থিত ছিলেন। রিভিউ টিমের সদস্যরা ইসিই বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট এর তিনদিনব্যাপী ইভালুশনের অংশ হিসেবে বিভিন্ন কার্যক্রম সম্পন্ন করেন।

## আইইইই স্টুডেন্ট ব্রাঞ্চের ওয়ার্কশপ অনুষ্ঠিত



আইইইই স্টুডেন্ট ব্রাঞ্চের ওয়ার্কশপে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) আইইইই স্টুডেন্ট ব্রাঞ্চের ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ইসিই বিভাগের সেমিনার কক্ষে এ ওয়ার্কশপের আয়োজন করে আইইইই স্টুডেন্ট ব্রাঞ্চ কুয়েট। ১১ নভেম্বর শনিবার রাতে ওয়ার্কশপের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইইই বিভাগের প্রফেসর এবং কাউন্সিলর আইইইই এসবি কুয়েট এর প্রফেসর ড. মোঃ নুরুন্নবী মোল্লা। স্পিকার ছিলেন আইসন৯ ল্যাবস এর রিসার্চ এসিসটেন্ট (আরএ) মানস কুমার মন্ডল। সভাপতিত্ব করেন আইইইই স্টুডেন্ট ব্রাঞ্চের সভাপতি মাহমুদুল হাসান।

## কুয়েট ভিসি'র সাথে এনজিও প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাত

(১৫ পৃষ্ঠার পর) এর কার্যালয়ে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সাক্ষাত করেন। সাক্ষাতকালীন সময়ে ভবদহের জলাবদ্ধতা নিরসনে জার্মান টেকনোলজীর ব্যবহার এবং সম্ভব্য বিভিন্ন পদক্ষেপ নিয়ে আলোচনা করা হয়। এসময় লাইফ এর সিইও মোঃ সাইদুল আহসান, সোনার তরী এর এক্সিকিউটিভ ডিরেক্টর মোঃ জিল্লুর রহমান, সদস্য মোঃ এফরার রহমান, ভবদহ ডিগ্রী কলেজের প্রিন্সিপাল আব্দুল মতলেব সর্দার, প্রমূখ উপস্থিত ছিলেন।

## এটুআই প্রোগ্রাম এবং কুয়েটের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরের লক্ষে সভা অনুষ্ঠিত



এটুআই প্রোগ্রাম এবং কুয়েটের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর সভা শেষে কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ সংশ্লিষ্টগণ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এবং খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) মধ্যে সমঝোতা স্মারক (মেমোরেন্ডাম অব আন্ডারস্টানডিং) স্বাক্ষর বিষয়ক এক সভা অনুষ্ঠিত হয়েছে। ০৬ আগষ্ট রবিবার বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই মিটিং রুমে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, রেজিস্ট্রার জি এম শহিদুল আলম এবং এটুআই প্রোগ্রামের রিসার্চ এন্ড ডকুমেন্টেশন এক্সপার্ট মোঃ মোস্তাফিজুর রহমান খান, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এসোসিয়েট মোহাম্মাদ রফিকুল ইসলাম, রিসার্চ এসিসটেন্ট মোঃ আশরাফুল ইসলাম, আনিকা জাহান ইলমা উপস্থিত ছিলেন। সভায় কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর কুয়েট এবং এটুআই প্রোগ্রামের মধ্যে আগ্রহী গবেষণা কার্যক্রম যৌথভাবে পরিচালনার স্বার্থে সমঝোতা স্মারক সাক্ষরের প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন। সভায় উন্মুক্ত আলোচনায় অংশগ্রহনকারীগণ বিভিন্ন মতামত উপস্থাপন করেন। সভায় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে লক্ষ্য ও আইডিয়া এবং আগ্রহী গবেষণা ও কর্মসূচীর ক্ষেত্রসমূহ উপস্থাপন করা হয়, যাতে কুয়েট এবং এটুআই প্রোগ্রাম উভয়ই লাভবান হবে। এছাড়া, শিক্ষার্থীদের নির্দিষ্ট বিষয়ে শিক্ষানবিশ প্রোগ্রাম এবং এক অথবা দুই বছর মেয়াদী এমএসসি ও পিএইচডি স্কলারশীপ প্রোগ্রাম চালুর বিষয়ে মতামত উপস্থাপিত হয়।

## কুয়েটে নির্মাণাধীন হাই-টেক পার্ক পরিদর্শনে বাংলাদেশ হাইটেক পার্ক অথরিটি'র প্রতিনিধি দল



কুয়েট নির্মাণাধীন হাই-টেক পার্কের স্থান পরিদর্শন করেন বাংলাদেশ হাইটেক পার্ক অথরিটি এবং বিশ্বব্যাংক এর বিশেষজ্ঞ প্রতিনিধি দল।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) নির্মাণাধীন হাই-টেক পার্কের স্থান পরিদর্শন ও তথ্য সংগ্রহে বাংলাদেশ হাইটেক পার্ক অথরিটি এবং বিশ্বব্যাংক এর বিশেষজ্ঞ প্রতিনিধি দল কুয়েট সফর করেছেন। ১০ সেপ্টেম্বর রবিবার সকাল ১১টায় কুয়েট ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়ে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে বৈঠক শেষে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরস্থ হাই-টেক পার্কের নির্ধারিত স্থান পরিদর্শন করেন প্রতিনিধি দলটি। প্রতিনিধি দলে ছিলেন আইসিটি ডিভিশনের বাংলাদেশ হাইটেক পার্ক অথরিটি'র এনভাইরনমেন্টাল স্পেশালিস্ট (অতিরিক্ত সচিব) মোঃ বিল্লাল হোসেন, এসডিকেএইচটিপি এর প্রকিউরমেন্ট স্পেশালিস্ট হাবিবুল আজিজ, বিশ্বব্যাংকের সিনিয়র এনভাইরনমেন্টাল স্পেশালিস্ট এ এস হরিনাথ এবং এনভাইরনমেন্টাল স্পেশালিস্ট ইকবাল আহমেদ পিইঞ্জ। এসময় প্রতিনিধি দলটি কুয়েটে নির্মাণাধীন হাই-টেক পার্কের জন্য নির্ধারিত স্থানে ৫তলা বিশিষ্ট ট্রেইনিং সেন্টার ও ইনকিউবেটের, সংযোগ সড়ক, বাউন্ডারী এবং মূল প্রবেশ পথ নির্মাণের স্থান ও বর্তমান অবস্থা পরিদর্শন করেন।

## নির্মাণাধীন হাই-টেক পার্ক পরিদর্শনে হাইটেক পার্ক অথরিটি



নির্মাণাধীন হাই-টেক পার্কের কাজ পরিদর্শনকালে আইসিটি ডিভিশনের হাইটেক পার্ক অথরিটির প্রতিনিধি দল কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) নির্মাণাধীন হাই-টেক পার্কের কাজের অগ্রগতি পর্যালোচনার জন্য কুয়েট পরিদর্শন করেছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের আইসিটি ডিভিশনের হাইটেক পার্ক অথরিটির একটি উচ্চপদস্থ প্রতিনিধি দল। ২৯ নভেম্বর দুপুর ১২ টায় কুয়েট ভাইস-চ্যান্সেলরের কার্যালয়ে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে প্রতিনিধি দলটি সাক্ষাৎ করেন। প্রতিনিধি দলে ছিলেন হাইটেক পার্ক প্রজেক্টের ডেপুটি প্রজেক্ট ডিরেক্টর (ডেপুটি সেক্রেটারী) মোঃ আজিজুল ইসলাম, আইসিটি ডিভিশনের পরিচালক (প্রশাসন) মোঃ রেজাউল মাকছুদ জাহেদী, ইঞ্জিনিয়ার জসিমউদ্দিন। এসময় কুয়েটের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশীদ উপস্থিত ছিলেন। প্রতিনিধি দলটি কুয়েটে নির্মাণাধীন হাই-টেক পার্কে অভ্যন্তরীণ সড়ক নির্মাণ ও ভূমি উন্নয়ন, স্ট্রিট লাইট স্থাপন, বাউন্ডারী ওয়াল এবং গেইট নির্মাণ, হাই ডেফিনেশন ভিজুয়েল কম্পিউটিং এবং মাল্টি মিডিয়া ল্যাব স্থাপন, ট্রেইনিং এন্ড ইনকিউবেটর সেন্টার ভবন নির্মাণ কাজ পর্যালোচনা ও পরিদর্শন করেন।

## কুয়েটে মন্দির নির্মাণের উদ্যোগঃ খসড়া নকশা উপস্থাপিত



কুয়েটে মন্দির নির্মাণের লক্ষে স্থপতি কর্তৃক নকশা উপস্থাপনকালীন সভায় বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) মন্দির নির্মাণের লক্ষে স্থপতি কর্তৃক নকশা উপস্থাপন করা হয়েছে। ১৩ জুলাই বৃহস্পতিবার দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ এসময় আরো উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডীনবৃন্দ, ইনস্টিটিউট পরিচালকবৃন্দ, বিভাগীয় প্রধানবৃন্দ, পরিচালকবৃন্দ ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ। সভায় উপস্থিত সদস্যবৃন্দ উপস্থাপিত নকশা দেখেন এবং তাদের মতামত প্রদান করেন এবং দ্রুততম সময়ের মধ্যে মন্দির নির্মিত হবে বলে আশা প্রকাশ করেন ।

## বিএসিএস খুলনা রিজিওনাল প্রোগ্রামিং ক্যাম্প অনুষ্ঠিত

(১১ পৃষ্ঠার পর) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোহাম্মদ শেখ সাদী, নর্থ-সাউথ ইউনিভার্সিটির সিএসই বিভাগের সহযোগী অধ্যাপক ড. সাজ্জাদ হোসেন। সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের সিএসই এসোসিয়েশনের সভাপতি প্রফেসর ড. এম এম এ হাসেম। উল্লেখ্য, গত ২৪ আগষ্ট বৃহস্পতিবার সকাল ১০ টায় কুয়েটের সিএসই বিভাগে এ প্রোগ্রামিং ক্যাম্পের উদ্বোধনী অনুষ্ঠিত হয়।

## "ইনোভেশন এন্ড ইনোভেটর সেল" এর সাধারণ সভা অনুষ্ঠিত



দি আইআইসি-ইনোভেশন এন্ড ইনোভেটর সেল এর সাধারণ সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর ও দি আইআইসি এর চেয়ারম্যান প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) দি আইআইসি-ইনোভেশন এন্ড ইনোভেটর সেল এর সাধারণ সভা ১২ জুলাই বুধবার দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর ও দি আইআইসি এর চেয়ারম্যান প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীন, ইনস্টিটিউট পরিচালক, বিভাগীয় প্রধান, আইআইসি এর ম্যানেজমেন্ট কমিটি, আইআইসি এর বিশেষজ্ঞ সদস্য, একাডেমিক কাউন্সিলের সদস্যবৃন্দ ও কম্পট্রোলার উপস্থিত ছিলেন। এসময় আইআইসি এর সিইও মোঃ আবুল কালাম আজাদ প্রেজেন্টেশন প্রদান করেন এবং সভায় উপস্থিত সদস্যদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। সভায় বিজ্ঞান, প্রযুক্তি ও নতুন নতুন আবিস্কারের প্রযুক্তি বিনিময় ও ইনোভেশন ম্যানেজমেন্ট, মেধা উন্নয়ন, সংরক্ষণ, উদ্ভাবিত প্রযুক্তির বানিজ্যিক ব্যবহার, বিশ্বায়ণ এবং দেশে-বিদেশে এর ব্যবহার এবং এন্টারপ্রাইস ইউরোপ নেটওয়ার্ক তৈরীর জন্য বিজনেস কর্পোরেশন সেন্টার প্রতিষ্ঠা, ওয়ার্ল্ড ইন্টেলেকচুয়াল প্রোপার্টি অর্গানাইজেশন নেটওয়ার্ক এর মাধ্যমে টেকনোলজি ও ইনোভেশন সাপোর্ট সেন্টার প্রতিষ্ঠা এবং সেল এর কার্যক্রম সঠিকভাবে এগিয়ে নেওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং এই বিষয়ে দ্রুত কার্যকর (৮ম পৃষ্ঠায় দেখুন)


## কুয়েটের ৬৫ কোটি ৮০ লক্ষ টাকার রাজস্ব বাজেট অনুমোদন

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ২০১৭-১৮ অর্থ বছরের জন্য ৬৫ কোটি ৮০ লক্ষ টাকার মূল রাজস্ব বাজেট অনুমোদন করা হয়েছে। ২৫ মে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের বাজেট ব্যবস্থাপনা কমিটির ৬ষ্ঠ সভার প্রস্তাবনা মোতাবেক ১৭ আগষ্ট বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় (৫৭তম সভা) উপস্থাপন করা হলে ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট এবং ২০১৬-১৭ অর্থ বছরের জন্য ৬২ কোটি ৫০ লক্ষ টাকার সংশোধিত বাজেট অনুমোদিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর ও সিন্ডিকেট এর সভাপতি প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ২০১৭-১৮ অর্থ বছরের মূল বাজেট ৬৫ কোটি ৮০ লক্ষ টাকার মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাধ্যমে সরকারি অনুদানের সম্ভাব্য পরিমাণ ৬১ কোটি ৩০ লক্ষ টাকা, নিজস্ব সূত্র হতে আয় ৪ কোটি ৫০ লক্ষ টাকা। বরাদ্দের মধ্যে বেতন-ভাতাদি খাতে ৪০ কোটি ৬৩ লক্ষ টাকা, পেনশন খাতে ৬ কোটি ৮৭ লক্ষ টাকা, সাধারণ আনুষঙ্গিক খাতে ৭ কোটি ৫০ লক্ষ টাকা, শিক্ষা আনুষঙ্গিক খাতে ৬ কোটি ৭০ লক্ষ টাকা, মেরামত ও সংরক্ষণ খাতে ১ কোটি ৫০ লক্ষ টাকা এবং মূলধন মঞ্জুরী খাতে ২ কোটি ৬০ লক্ষ টাকা। সিন্ডিকেট সভায় ২০১৬-১৭ অর্থ বছরের জন্য মোট ৬২ কোটি ৫০ লক্ষ টাকার সংশোধিত বাজেটও অনুমোদন করা হয়। সংশোধিত বরাদ্দের মধ্যে রয়েছে বেতন-ভাতাদি খাতে ৩৯ কোটি ৮৬ লক্ষ ৪৪ হাজার টাকা, পেনশন খাতে ৮ কোটি ২৬ লক্ষ ৬৯ হাজার টাকা, সাধারণ আনুষঙ্গিক খাতে ৭ কোটি ৬০ লক্ষ টাকা, শিক্ষা আনুষঙ্গিক খাতে ৬ কোটি ১৩ লক্ষ টাকা, মেরামত ও সংরক্ষণ খাতে ১ কোটি ৪৪ লক্ষ টাকা এবং মূলধন মঞ্জুরী খাতে ৩ কোটি টাকা।

## ভাইস-চ্যান্সেলরের সাথে একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির সৌজন্য স্বাক্ষাত

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেছেন একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটি, কুয়েট শাখার নের্তৃবৃন্দ। ১০ ডিসেম্বর সন্ধা ০৬টায় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের কার্যালয়ে এ সৌজন্য স্বাক্ষাত অনুষ্ঠিত হয়। এসময় কমিটির আহ্বায়ক মোহাম্মদ আনিছুর রহমান, বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখার সভাপতি আবুল হাসান শোভনসহ কমিটির অন্যান্য সদস্যগণ উপস্থিত ছিলেন। সৌজন্য স্বাক্ষাতকালীণ সময়ে ভাইস-চ্যান্সেলর শিক্ষার্থীদের পড়া লেখায় মনোযোগী হওয়া এবং মুক্তিযুদ্ধের আদর্শ বাস্তবায়নের মধ্যদিয়ে দেশ গঠনে ভূমিকা রাখার পরামর্শ দেন।

## বিএসিএস খুলনা রিজিওনাল প্রোগ্রামিং ক্যাম্প অনুষ্ঠিত



বিএসিএস রিজিওনাল প্রোগ্রামিং ক্যাম্প ২০১৭ এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) তিন দিনব্যাপী বিএসিএস রিজিওনাল প্রোগ্রামিং ক্যাম্প ২০১৭ অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ অ্যাডভান্সড কম্পিউটিং সোসাইটি (বিএসিএস) এবং স্পেশাল গ্রুপ ইনটারেস্টেড ইন প্রোগ্রামিং কনটেস্ট (এসজিআইপিসি) এই প্রোগ্রামিং ক্যাম্পের আয়োজন করে। শিক্ষার্থীদের প্রোগ্রামিং ও এলগরিদমিক স্কিল এবং ন্যাশনাল লেভেল প্রোগ্রামিং দক্ষতা বাড়ানোর পাশাপাশি ইন্টারন্যাশনাল কলেজিয়েট প্রোগ্রামিং কনটেস্টে (আইসিপিসি) এবং এসোসিয়েশন অব কম্পিউটার মেশিনারিজ (এসিএম) এ ভাল ফলাফল ও সমস্যা সমাধানের দক্ষতা অর্জনের জন্য এ প্রোগ্রামিং ক্যাম্পের আয়োজন করা হয়। প্রোগ্রামিং ক্যাম্পে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট), খুলনা বিশ্ববিদ্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয়, মাওলানা ভাষানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ইসলামী বিশ্ববিদ্যালয়, মিলিটারী ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজী এর শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের শিক্ষক, এসিএম-আইসিপিসি এর ওয়াল্ড ফাইনালিস্টসহ দেশের প্রথম সারির সফটওয়্যার ও আইটি ফার্মের দক্ষ ও অভিজ্ঞ প্রোগ্রামারগণ প্রশিক্ষণ প্রদান করেন। ২৬ আগষ্ট ২০১৭ শনিবার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুয়েটে (১০ম পৃষ্ঠায় দেখুন)

## বিশ্ব বসতি দিবস পালিত



বিশ্ব বসতি দিবস উপলক্ষে র‌্যালিতে নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) বিশ্ব বসতি দিবস ২০১৭ আরবান এন্ড রিজিওনাল প্লানিং (ইউআরপি) বিভাগের আয়োজনে ২৫ অক্টোবর বুধবার বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে পালন করা হয়। কর্মসূচীর মধ্যে সকাল ১০টায় প্রশাসনিক ভবনের সামনে থেকে একটি বর্নাঢ্য র‌্যালী শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষীণ করে। র‌্যালিতে নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। র‌্যালী শেষে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া, বিআইপি খুলনা চেপ্টারের সভাপতি প্রফেসর ড. আশরাফুল আলম, আর্কিটেকচার বিভাগের প্রভাষক মোঃ রায়হান খান, অক্সফাম জিবি এর আরবান ম্যানেজার আনিসুর রহমান চৌধুরী, জাগরণী চক্র ফাউন্ডেশন এর ডিরেক্টর (প্রোগ্রাম) মোঃ হাসান আরিফ। আলোচনা সভায় স্বাগত বক্তৃতা করেন ইউআরপি বিভাগের সহকারী অধ্যাপক মোঃ এস্রাজ-উল-জান্নাত এবং কী নোট উপস্থাপন করেন ইউআরপি বিভাগের সহকারী অধ্যাপক এবং বিআইপি খুলনা চেপ্টারের সেক্রেটারী তুষার কান্তি রায়।

## 'ফ্যাব ল্যাব হবে আইডিয়া প্রকাশের মাধ্যম'

-কুয়েট ভাইস-চ্যান্সেলর



কুয়েটে 'ফ্যাব্রিকেশন ল্যাবরেটরী' এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) 'ফ্যাব্রিকেশন ল্যাবরেটরী (ফ্যাব ল্যাব)' এর আনুষ্ঠানিক উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। ০৯ নভেম্বর বৃহস্পতিবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের নতুন একাডেমিক ভবনের ৫ম তলায় ফলক উম্মেচনের মাধ্যমে ফ্যাব ল্যাবের শুভ উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। প্রধান অতিথির বক্তৃতায় কুয়েট ভাইস-চ্যান্সেলর বলেন, আমাদের শিক্ষার্থীরা অনেক মেধাবী। শিক্ষার্থীদের আইডিয়া প্রকাশের ব্যবস্থা আমাদেরকেই করতে হবে। ফ্যাব ল্যাব হবে আইডিয়া প্রকাশের মাধ্যম। শিক্ষার্থীদের ভাবনাকে বাস্তবে রূপ দেওয়ার জন্য ফ্যাব ল্যাব অনন্য ভূমিকা পালন করবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংশ্লিষ্ট প্রজেক্টের সাব প্রোজেক্ট ম্যানেজার প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী, শুভেচ্ছা বক্তৃতা করেন সংশ্লিষ্ট প্রোজেক্টের ডেপুটি সাব প্রোজেক্ট ম্যানেজার ড. মোঃ মাহবুব হাসান। অনুষ্ঠানে ফ্যাব ল্যাব অপারেটরদের মধ্য থেকে বক্তৃতা করেন সেজুতি জামান এবং সঞ্চালনা করেন তানবিবুর রহমান। উল্লেখ্য, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের হেকেপ প্রকল্পের আওতায় কুয়েটসহ দেশের ৮টি বিশ্ববিদ্যালয়ে 'ফ্যাব্রিকেশন ল্যাবরেটরী (ফ্যাব ল্যাব)' নির্মান করা হচ্ছে। তৈরী শেষে কুয়েটই সর্বপ্রথম (১৫ পৃষ্ঠায় দেখুন)

## কুয়েটে শিক্ষার্থীদের জন্য নতুন বাস উদ্বোধন



কুয়েটে নতুন বাস উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ছাত্র-ছাত্রীদের জন্য পঞ্চান্ন সীটের একটি নতুন বাস উদ্বোধন করা হয়েছে। ২১ সেপ্টেম্বর বৃহস্পতিবার দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের যানবাহন শাখার সম্মুখে এ উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এ সময় এক সংক্ষিপ্ত বক্তৃতায় বাসটি পাওয়ার ক্ষেত্রে সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি), সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তাদের প্রতি তিনি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। এ সময় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন যানবাহন কমিটির সভাপতি প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মোঃ আনিছুর রহমান ভুঁইয়া, যানবাহন কর্মকর্তা মোঃ রুহুল আমিন প্রমুখ। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, ছাত্র-ছাত্রী ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। উদ্বোধন শেষে ভাইস-চ্যান্সেলরসহ শিক্ষক, ছাত্র-ছাত্রী ও কর্মকর্তা, কর্মচারীবৃন্দ নতুন বাসে চড়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করেন।

## কুয়েটে নতুন এম্বুলেন্স উদ্বোধন




কুয়েটে নতুন এম্বুলেন্স এর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

১৯ জুলাই বুধবার দুপুর সাড়ে ১২টায় খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) প্রশাসনিক ভবনের সম্মুখে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য একটি নতুন এম্বুলেন্স এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এ সময় এক সংক্ষিপ্ত বক্তৃতায় এম্বুলেন্সটি পাওয়ার ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নানসহ সংশ্লিষ্ট সকলের প্রতি তিনি কৃতজ্ঞতা জ্ঞাপন করে বলেন, বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারে নতুন এম্বুলেন্স সংযুক্ত হওয়ায় সেবার পরিধি আরো বিস্তৃত হবে। এ সময় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, যানবাহন কমিটির সভাপতি প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, প্রধান চিকিৎসা কর্মকর্তা ডাঃ রিফাত সুলতানা শেলী, প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশীদ। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

## টেক্সটাইল বিভাগের ল্যাব ভবনের নির্মাণ কজের উদ্বোধন



টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের ল্যাব ভবনের নির্মাণ কাজের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের ল্যাব ভবনের নির্মাণ কাজের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। ১০ আগষ্ট বৃহস্পতিবার দুপুর ১২টায় প্রধান অতিথি হিসেবে নির্মাণ কাজের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় তিনি নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেন এবং মাননীয় প্রধানমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান ড. মোহাম্মদ আব্দুল জলিল, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার । উদ্বোধনী অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনসংযোগ কর্মকর্তা মনোজ কুমার মজুমদার। উদ্বোধন শেষে দোয়া পরিচালনা করেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান প্রফেসর মোঃ গোলাম কাদের। উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীন, ইনস্টিটিউট পরিচালকগণ, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, পরিচালকগণ, রেজিস্ট্রার, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

## "বিজ্ঞানের অগ্রযাত্রায় গণিতের ভূমিকা অনস্বীকার্য"
### -কুয়েট ভাইস-চ্যান্সেলর



কুয়েটে অনুষ্ঠিত ৯ম জাতীয় গণিত অলিম্পিয়াডের শুভ উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) অনুষ্ঠিত ৯ম জাতীয় গণিত অলিম্পিয়াডের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, "গণিত এমন একটি বিষয় যাকে বাদ দিয়ে আমরা চলতে পারি না। বিজ্ঞানের ক্ষেত্রে সাবলিল হতে হলে গণিত চর্চা করতে হবে। বিজ্ঞানের অগ্রযাত্রায় গণিতের ভূমিকা অনস্বীকার্য"। ১৮ নভেম্বর সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে বাংলাদেশ গনিত সমিতি ও বাংলাদেশ জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াড কমিটির সহযোগিতায় এবং কুয়েটের আয়োজনে দিনব্যাপী খুলনা অঞ্চলের এ প্রতিযোগিতা শুরু হয়। গণিত বিভাগের বিভাগীয় প্রধান ও আঞ্চলিক অলিম্পিয়াড কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মোঃ আলহাজ উদ্দীন এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ভারপ্রাপ্ত ডীন প্রফেসর ড. খন্দকার মাহবুব হাসান, জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াড কমিটির সদস্য-সচিব প্রফেসর ড. মোঃ মনিরুল আলম সরকার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ তাজুল ইসলাম, ই-ম্যাথ গবেষণা ফাউন্ডেশন এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক কাজী মোঃ খাইরুল বাশার। জাতীয় সংগীতের সাথে জাতীয় পতাকা উত্তোলন ও বেলুন উড়ানোর মধ্যদিয়ে উদ্বোধনী অনুষ্ঠানের পর শুরু হয় শিক্ষার্থীদের ঘন্টাব্যাপী লিখিত পরীক্ষা। এছাড়া উন্মুক্ত আলোচনা ও প্রশ্নোত্তর পর্ব শেষে পুরস্কার বিতরণের মধ্য দিয়ে বিকালে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অলিম্পিয়াডে খুলনা অঞ্চলের ১১ টি কলেজ ও বিশ্ববিদ্যালয়ের মোট ৯০ জন প্রতিযোগী অংশগ্রহণ করে, এর মধ্যে ১০ জন বিজয়ী হয়। খুলনাসহ দেশের ৬ টি আঞ্চলিক প্রতিযোগিতায় বিজয়ীরা জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াডে অংশ নেবে। অলিম্পিয়াডে গণিতের বর্তমান ও প্রাক্তন শিক্ষার্থী, শিক্ষকসহ গণিত অনুরাগীরা অংশগ্রহণ করেন।

## "ওম্যান ইন আইপি ইন বাংলাদেশ" শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত



মেধাস্বত্ত্বের বাণিজ্যিকীকরণে "ওম্যান ইন আইপি ইন বাংলাদেশ" শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত।

ইনোভেশন এন্ড ইনোভেটর সেল (আইআইসি), কুয়েট এর আয়োজনে মেধাস্বত্ত্বের বাণিজ্যিকীকরণে "ওম্যান ইন আইপি ইন বাংলাদেশ" শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। ২৫ সেপ্টেম্বর সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কুয়েট ভাইস-চ্যান্সেলর ও দি আইআইসি, কুয়েট এর চেয়ারম্যান প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। সভা পরিচালনা করেন দি আইআইসি, কুয়েট এর সিইও মোঃ আবুল কালাম আজাদ। সভায় কুয়েটের বিভিন্ন বিভাগের শিক্ষিকা ও "ওম্যান ইন আইপি ইন বাংলাদেশ" এর নারী উদ্যোক্তারা উপস্থিত ছিলেন।

## কুয়েটের পেপার'র আন্তর্জাতিক অ্যাওয়ার্ড অর্জন করেছে



কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ভারতে অনুষ্ঠিত "৭ম ইন্টারন্যাশনাল কনফারেন্স অন সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট" এ অংশগ্রহণ করেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষক-শিক্ষার্থীর পেপার "৭ম আইকন এসডব্লিউএম এন্ড স্প্রিঙ্গার এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৭" অর্জন করেছে। কুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের 'এক্সপেরিমেন্টাল স্টাডি অন দি ইউজ অফ কো-কম্পোস্ট ইন এগ্রিকালচার' শীর্ষক টেকনিক্যাল পেপার এ অ্যাওয়ার্ড অর্জন করে। ভারতের হায়দ্রাবাদের প্রফেসর জয়শংকর তেলাঙ্গানা স্টেট এগ্রিকালচারাল ইউনিভার্সিটিতে (পিজেটিএসএইউ) ১৩-১৭ ডিসেম্বর অনুষ্ঠিত "৭ম ইন্টারন্যাশনাল কনফারেন্স অন সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট" এর শেষ দিন অ্যাওয়ার্ড গ্রহণ করেন কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। কনফারেন্সে উপস্থাপিত ২৭০টি পেপার থেকে মোট ২০টি ক্যাটাগরিতে অ্যাওয়ার্ড প্রদান করা হয়। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ১৩-১৭ ডিসেম্বর ভারতে অনুষ্ঠিত "৭ম ইন্টারন্যাশনাল কনফারেন্স অন সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট" এ অংশগ্রহণ করেন। এসময় তিনি বৈজ্ঞানিক সহযোগিতামূলক আলোচনা, ভাইস-চেয়ারম্যান এবং আন্তর্জাতিক বৈজ্ঞানিক কমিটির সদস্য হিসেবে সম্মেলনের বিভিন্ন দিক নির্ধারণের জন্য কোর কমিটির সভায় অংশগ্রহণ, ২টি টেকনিক্যাল পেপার উপস্থাপন, ১টি টেকনিক্যাল সেশনে চেয়ার এর দায়িত্ব পালন, বিশ্বের ১৫টি দেশের ২১ জন বিশেষজ্ঞের যৌথ সভায় অংশগ্রহণসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ কার্যক্রম সম্পন্ন করেন।


## "ট্রেনিং ওয়ার্কশপ অন সিএনসি মেশিনস অপারেশন" অনুষ্ঠিত



"ট্রেনিং ওয়ার্কশপ অন সিএনসি মেশিনস অপারেশন" এর উদ্বোধনী অনুষ্ঠানে সিএনসি মেশিন দ্বারা তৈরী একটি উপহার বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরকে প্রদান করা হয়।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) "ট্রেনিং ওয়ার্কশপ অন সিএনসি মেশিনস অপারেশন" অনুষ্ঠিত হয়েছে। ১০ ডিসেম্বর সকাল সাড়ে ৯ টায় মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের 'এনহেন্সমেন্ট অফ টিচিং এন্ড লারনিং ফ্যাসালিটিজ ইন দি ডিপার্টমেন্ট অফ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (সিপি-৬১৪৯)" প্রজেক্ট এ ওয়ার্কশপের আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর মোঃ গোলাম কাদের। সভাপতিত্ব করেন সংশ্লিষ্ট প্রজেক্টের সাব-প্রজেক্ট ম্যানেজার প্রফেসর ড. মোঃ কুতুব উদ্দিন। অনুষ্ঠানে সিএনসি (কম্পিউটার নিউমেরিক্যাল কন্ট্রোল) মেশিন দ্বারা তৈরী বিশ্ববিদ্যালয়ের নাম অঙ্কিত একটি উপহার বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরকে প্রদান করা হয়। এসময় মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## খুলনা সিটি নিয়ে গবেষনা "সারডিনিয়া ২০১৭" আন্তর্জাতিক সিম্পোজিয়ামে বেষ্ট পেপার পুরস্কার অর্জন



"সারডিনিয়া ২০১৭" ১৬তম ইন্টারন্যাশনাল সিম্পোজিয়ামের বেষ্ট পেপার পুরস্কার গ্রহন করেন আনিকা অনিন্দিতা আলমগীর।

০২ থেকে ০৬ অক্টোবর ২০১৭ ইটালির ক্যাগলিয়ারিতে অনুষ্ঠিত "সারডিনিয়া ২০১৭" ১৬তম ইন্টারন্যাশনাল ওয়েষ্ট ম্যানেজমেন্ট এন্ড ল্যান্ডফিল সিম্পোজিয়ামের পোষ্টার সেশন বিভাগে বাংলাদেশের গবেষকদের পেপার বেষ্ট পেপার পুরস্কার অর্জন করেছে। "সিজেনাল ভেরিয়েশন অন এক্সটেন্ড অফ স্টাবিলাইজেশন অফ ফ্যাকল স্লাজ কো-কম্পোষ্টিং ইন খুলনা সিটি অফ বাংলাদেশ" পেপারটি এ পুরস্কার পায়। পেপারটি সিই বিভাগের এমএসসি ইঞ্জিনিয়ারিং এর শিক্ষার্থী মোঃ আলামীন, প্রফেসর ড. কাজী হামিদুল বারী এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছাত্রী আনিকা অনিন্দিতা আলমগীর এর গবেষনায় রচিত হয়েছে। শুক্রবার কনফারেন্সের শেষ দিনে কনফারেন্স ডিনার অনুষ্ঠানে এ পুরস্কার প্রদান করা হয়। পুরস্কার গ্রহণ করেন আনিকা অনিন্দিতা আলমগীর, এসময় কুয়েটের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর উপস্থিত ছিলেন।

## "উইমেন্স ইনোভেশনস ক্যাম্প" এ কুয়েটের শিক্ষার্থীদের বিজয় অর্জন




ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে "উইমেন্স ইনোভেশন ক্যাম্প ২০১৬"এ বিজয়ী শিক্ষার্থী শেখ রাইনা আলী, খন্দকার তাসনিম হক এবং তাসফিয়া মাশিয়াত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এর আয়োজনে "উইমেন্স ইনোভেশন ক্যাম্প ২০১৬"এ বিজয়ী হয়েছে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষার্থীরা। গত ২৪ জুলাই বিকালে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের কাবেরী হলে পুরস্কার বিতরনী ও "উইমেন্স ইনোভেশন ক্যাম্প ২০১৭" এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে পুরস্কার বিতরণ করেন নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকী এমপি। এসময় বিশ্ববিদ্যালয় দলের সঙ্গে ছিলেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। 'উত্তরণ' শিরোনামে কুয়েটের শেখ রাইনা আলী, খন্দকার তাসনিম হক এবং তাসফিয়া মাশিয়াত এর সমন্বয়ে গঠিত দল-অদ্বিতীয়া এ পুরস্কার গ্রহণ করে। জাতীয় উন্নয়ন এবং সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল অর্জনের জন্য নারীর দূর্ভোগ নিরসন প্রয়োজন। এ লক্ষকে সামনে নিয়ে সাইবার অপরাধ, শ্রমজীবী নারী, নারীর সম্ভাবনাময় দক্ষতা, বৃদ্ধ নারীদের সমস্যাসহ নারীর দূর্ভোগ সমাধানের পদ্ধতি উদ্ভাবনই এ ক্যাম্পের উদ্দেশ্য।

## শিক্ষার্থীদের মধ্যে বৃত্তির চেক হস্তান্তর



শিক্ষার্থীদের মধ্যে বৃত্তির চেক হস্তান্তর করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষার্থীদের মধ্যে বৃত্তির চেক প্রদান করা হয়েছে। ২৭ আগষ্ট রবিবার দুপুর সাড়ে ১২ টায় প্রশাসনিক ভবনের সভাকক্ষে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ২০১৬-২০১৭ অর্থ বছরে "KUETians @ Qater Scholarship Program" থেকে ৮ জন শিক্ষার্থীদের মধ্যে জনপ্রতি ১২ হাজার টাকার চেক হস্তান্তর করেন। এসময় উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মুহাম্মাদ হারুনুর রশীদ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর মোঃ গোলাম কাদের, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া, পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) প্রফেসর ড. মোঃ সাইফুল ইসলাম, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ শাহজাহান ও বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) শেখ আক্কাছ আলী প্রমূখ।

## "কুয়েটসহ সংশ্লিষ্ট এলাকার জলাবদ্ধতা দূরীকরণে খাল খননের কোন বিকল্প নেই"



কুয়েটসহ সংশ্লিষ্ট এলাকার জলাবদ্ধতা দূরীকরণের জন্য মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এবং এর আশেপাশের এলাকার জলাবদ্ধতা দূরীকরণের খাল খননের কোন বিকল্প নেই। ১৬ নভেম্বর ২০১৭ রোজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত জলাবদ্ধতা দূরীকরণের জন্য পানি নিস্কাশন ব্যবস্থা গ্রহণের বিষয়ে মত বিনিময় সভায় বক্তারা এ কথা বলেন। বক্তারা আরো বলেন, বর্তমানে ১০-১৮ ফুট প্রসস্থ সরকারি খাল থাকলেও তা ভরাট এবং দখল হয়ে গেছে। এ এলাকায় প্রয়োজন কমপক্ষে ৩০ ফুট খাল এবং খালটিকে ডাকাতিয়া বিলে অবস্থিত বরইতলা এবং রাজাপুর খালের সাথে সংযুক্ত করতে হবে। ৩০ ফুট খাল খনন করে তা সবসময় সংস্কারের মাধ্যমে সচল রাখা গেলে এ এলাকার পানি খালের মাধ্যমে বরইতলা ও রাজাপুর খালে গিয়ে পড়লে জলাবদ্ধতা দূর হবে। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পানি উন্নয়ন বোর্ড খুলনার নির্বাহী প্রকৌশলী, খুলনা সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী, দিঘলিয়া উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), প্রধান প্রকৌশলী, ৬নং যোগীপোল ইউনিয়নের চেয়ারম্যান, সহকারী প্রকৌশলী ও জনসংযোগ কর্মকর্তা।

## ভাইস-চ্যান্সেলরের সাথে ইপিআর টিমের সৌজন্য স্বাক্ষাত



ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সঙ্গে সৌজন্য স্বাক্ষাত করেন পদার্থ বিজ্ঞান বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট এর জন্য আগত এক্সটারনাল পেয়ার রিভিউ টিমের সদস্যগণ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সঙ্গে ১১ জুলাই মঙ্গলবার সৌজন্য স্বাক্ষাত করেছেন বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট এর জন্য আগত এক্সটারনাল পেয়ার রিভিউ টিমের সদস্যগণ। এক্সটারনাল পেয়ার রিভিউ টিমের সদস্য হিসেবে উপস্থিত ছিলেন কোয়ালিটি অ্যাসিওরেন্স এক্সপার্ট (বিদেশী) ওয়েমবা ইউনিভার্সিটি অফ শ্রীলংকার ইমিরিটাস প্রফেসর ড. সিভলী শ্রীমিভান, কোয়ালিটি অ্যাসিওরেন্স এক্সপার্ট জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মোঃ কামরুল আলম খান এবং সাবজেক্ট এক্সপার্ট চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মোঃ মোয়াজ্জেম হোসাইন মিয়া। সৌজন্য স্বাক্ষাতকালীন সময়ে অন্যদের মধ্যে আরো উপস্থিত ছিলেন আকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এর আগে গত ০৯ জুলাই রবিবার থেকে মঙ্গলবার পর্যন্ত রিভিউ টিমের সদস্যারা এ সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম সম্পন্ন করেন।

## ভাইস-চ্যান্সেলর এর সঙ্গে বিএমজিএফ'র প্রতিনিধি দলের সৌজন্য স্বাক্ষাত



বিএমজিএফ এর উচ্চপদস্থ প্রতিনিধি দল কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন।

বিল এন্ড মেলিন্ডা গেট্স ফাউন্ডেশন (বিএমজিএফ) এর উচ্চপদস্থ প্রতিনিধি দল খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেছেন। ২২ আগষ্ট দুপুর আড়াইটায় ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়ে সৌজন্য স্বাক্ষাতকালীন সভায় উপস্থিত ছিলেন বিএমজিএফ এর নির্বাহী পরিচালক রজার ভরহিস, সিনিয়র প্রোগ্রাম অফিসার লিন এইসেনহার্ট, সিনিয়র স্ট্রাটেজি এডভাইসর, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. খন্দকার মাহবুব হাসান প্রমুখ । সভায় খুলনা, কুষ্টিয়া ও ঝিনাইদহ মানববর্জ্য ব্যবস্থাপনার বর্তমান অবস্থা এবং ভবিষ্যৎ করনীয় সম্পর্কে আলোচনা হয়। উল্লেখ্য, খুলনা, কুষ্টিয়া ও ঝিনাইদহ শহরে বর্তমানে মানববর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক প্রকল্প চলমান রয়েছে। এতে অর্থায়ন করছে বিএমজিএফ এবং কারিগরি সহায়তা দিচ্ছে কুয়েটসহ বিভিন্ন প্রতিষ্ঠান। এছাড়া, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে স্যানিটেশন এর উপর উচ্চতর শিক্ষা ও গবেষনার বিষয়ে সভায় আলোচনা হয়।

## 'ফ্যাব ল্যাব হবে আইডিয়া প্রকাশের মাধ্যম'

(১২ পৃষ্ঠার পর) ফ্যাব ল্যাবের উদ্বোধন করতে সক্ষম হয়েছে। মাইন্ড টু মার্কেট থিমকে সামনে নিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আইডিয়াকে বাস্তবে রূপ দেওয়ার জন্য এ প্রকল্প গ্রহণ করা হয়। এই ল্যাবে গবেষনা, ডিজাইন তৈরীর পাশাপাশি শিক্ষার্থীরা তাদের কাঙ্খিত বস্তু তৈরী করতে পারবে। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ডীনবৃন্দ, ইনস্টিটিউট পরিচালকবৃন্দ, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ, পরিচালকবৃন্দসহ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ, দপ্তর প্রধানগণ এবং ফ্যাব ল্যাব কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

## কুয়েট ভিসি'র সাথে এনজিও প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাত



যশোরের ভবদহের জলাবদ্ধতা নিরসনে যৌথ গবেষণার লক্ষে বিশেষজ্ঞ প্রতিনিধি দল কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য সাক্ষাত করেন।

যশোরের ভবদহের জলাবদ্ধতা নিরসনে যৌথ গবেষণার ঐক্যমত হয়েছে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট), ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব বিজিনেস এডমিনিস্ট্রেশন (আইবিএ), লাইফ কনসালটিং এন্ড ডেভেলপমেন্ট লিমিটেড এবং সোনার তরী এনজিও। এলক্ষ্যে লাইফ কনসালটিং এন্ড ডেভেলপমেন্ট লিমিটেড এবং সোনার তরি এনজিও এর প্রতিনিধি দল ৩০ জুলাই রবিবার বিকাল ৫ টায় কুয়েট ভাইস-চ্যান্সেলর (৯ম পৃষ্ঠায় দেখুন)

## ভাইস-চ্যান্সেলর এর সাথে এডুকেশন ইউএসএ ডিরেক্টর এর সৌজন্য স্বাক্ষাত



ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে এডুকেশন ইউএসএ এর ডিরেক্টর সোহেল ইকবাল সৌজন্য স্বাক্ষাত করেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে আমেরিকান সেন্টারের এডুকেশন ইউএসএ এর ডিরেক্টর সোহেল ইকবাল সৌজন্য স্বাক্ষাত করেছেন। ১০ অক্টোবর মঙ্গলবার দুপুর ১২টায় কুয়েটে ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়ে স্বাক্ষাতকালে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া এবং সহকারী পরিচালক (ছাত্র কল্যাণ) বিষ্ণু সরকার।

## কুয়েট ভিসি'র সাথে কর্মচারী সমিতির নেতৃবৃন্দের সৌজন্য স্বাক্ষাত



ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন কর্মচারী সমিতির (৩য় শ্রেণী) নব-নির্বাচিত নেতৃবৃন্দ।

২৪ সেপ্টেম্বর দুপুর ১টায় খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন কর্মচারী সমিতির (৩য় শ্রেণী) নব-নির্বাচিত নেতৃবৃন্দ। সমিতির নব-নির্বাচিত সভাপতি মোঃ মামুনুর রশিদ জুয়েল এর নেতৃত্বে এসময় কমিটির অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। এসময় কুয়েট ভাইস-চ্যান্সেলর নবনির্বাচিত কমিটিকে সমিতির সদস্যদের জন্য কাজ করার পরামর্শ দেন।

## ইউআরপি বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় অনুষ্ঠিত



ইউআরপি বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বিদায়ী গ্রাজুয়েটদের হাতে ক্রেস্ট তুলে দেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) নগর ও অঞ্চল পরিকল্পনা (ইউআরপি) বিভাগের '১৬ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ও '১২ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। ইউআরপি এসোসিয়েশন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানটি ১৩ জুলাই বিকাল ৩ টায় বিশ্ববিদ্যালয়ের আইইএম বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। ইউআরপি বিভাগের সহকারী অধ্যাপক তুষার কান্তি রায় এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাহবুব আলম।

## ড. এম এ রশীদ হলে বার্ষিক প্রীতিভোজ অনুষ্ঠিত



ড. এম এ রশীদ হলে বার্ষিক প্রীতিভোজ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ড. এম এ রশীদ হলে বার্ষিক প্রীতিভোজ অনুষ্ঠিত হয়েছে। ড. এম এ রশীদ হলের আয়োজনে অনুষ্ঠানটি ৩০ নভেম্বর রাতে হল প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়। ড. এম এ রশীদ হলের প্রভোষ্ট ড. পিন্টু চন্দ্র শীল এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া ।

## টেক্সটাইল ওয়াল ম্যাগাজিন ও ইনডোর গেমস এর পুরস্কার বিতরণী অনুষ্ঠিত



টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের ওয়াল ম্যাগাজিন উদ্বোধন ও ইনডোর গেমস এর পুরস্কার বিতরনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগে ওয়াল ম্যাগাজিন উদ্বোধন ও ইনডোর গেমস এর পুরস্কার বিতরনী অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানটি ০৫ ডিসেম্বর সন্ধ্যায় টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া। সভাপতিত্ব করেন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান ড. মোহাম্মদ আবদুল জলিল।

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে বার্ষিক প্রীতিভোজ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে বার্ষিক প্রীতিভোজ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে "বার্ষিক প্রীতিভোজ ও ইনডোর গেমস্ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান ২০১৭" ০৯ ডিসেম্বর রাতে হল প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোষ্ট প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিশেষ অতিথি ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া ও ভাইস-চ্যান্সেলর এর সহধর্মীনি মেহেরুন্নেসা লতা। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন সংশ্লিষ্ট হলের শিক্ষার্থী ও বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখার সভাপতি আবুল হাসান শোভন।

## অমর একুশে হলে বার্ষিক প্রীতিভোজ অনুষ্ঠিত



অমর একুশে হলে "বার্ষিক প্রীতিভোজ ২০১৭" অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) অমর একুশে হলে "বার্ষিক প্রীতিভোজ ২০১৭" ২১ ডিসেম্বর রাতে হল প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। অমর একুশে হলের প্রভোষ্ট প্রফেসর ড. মোঃ বজলার রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এবং বিশেষ অতিথি ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া। এসময় বিভিন্ন গেমস্ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

## কুয়েটে জাতীয় আইসিটি দিবস উদযাপন

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) পালিত হয়েছে জাতীয় আইসিটি দিবস-২০১৭। ১২ ডিসেম্বর দেশব্যাপী "জাতীয় আইসিটি দিবস-২০১৭" উদযাপনের অংশ হিসেবে কুয়েটে দিবসটি পালন করা হয়। কর্মসূচীর মধ্যে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে শিক্ষার্থীদের অংশগ্রহণে আইসিটি দিবসের উপর প্রেজেন্টেশন ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এসময় পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া, বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ এবং বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

## ইসিই বিভাগে সেনা কর্মকর্তাদের বেসিক কোর্স অনুষ্ঠিত



ইসিই বিভাগে সেনা কর্মকর্তাদের বেসিক কোর্সের সমাপনি অনুষ্ঠানে প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ কোর্স সম্পন্নকারী সেনা কর্মকর্তা ও বিভাগের শিক্ষকবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগে বাংলাদেশসহ মোট ৫টি দেশের সেনাবাহিনীর কর্মকর্তাদের অংশগ্রহণে ৪ দিন ব্যাপী "অফিসার্স বেসিক কোর্স (সিগনাল)" অনুষ্ঠিত হয়েছে। ১৯ জুলাই বিকালে কোর্সের সমাপনি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কোর্স সম্পন্নকারী সেনা কর্মকর্তাদের সনদপত্র প্রদাণ করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় ইসিই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ ফারুক হোসেনসহ বিভাগের অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, বাংলাদেশ সেনাবাহিনীর ২ জন কর্মকর্তার নেতৃত্বে শ্রীলংকা, সুদান, নেপাল ও প্যালেস্তাইন এর একজন করে কর্মকর্তাসহ মোট ২৪ জন সেনা কর্মকর্তা ১৬-১৯ জুলাই পর্যন্ত ৪ দিন ব্যাপী কোর্সে অংশগ্রহণ করেন।

## বিশ্ববিদ্যালয়কে জ্ঞান ও গবেষনায়


(২য় পৃষ্ঠার পর) সকাল সাড়ে ১০টা থেকে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্ভাবিত বিভিন্ন প্রজেক্ট ও পোস্টার প্রদর্শনী, টেকনিক্যাল পেপার প্রেজেন্টেশন, কুয়েটের উপর নির্মিত প্রামান্য চিত্র প্রদর্শনী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউজিসি'র চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ভারপ্রাপ্ত ডীন প্রফেসর ড. মোঃ বজলার রহমান, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার এবং পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া।

দুপুর ১টায় বিশ্ববিদ্যালয়ের মুক্তিযুদ্ধের ভাস্কর্য 'দুর্বার বাংলা' চত্বরে প্রধান অতিথি গাছের চারা রোপন করেন এবং সোয়া ১টায় সম্প্রসারিত মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ভবন এবং প্রশাসনিক ভবনের শুভ উদ্বোধন করেন । এছাড়া বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে দর্শনার্থীদের জন্য বিভিন্ন বিভাগের ল্যাবসমূহ উন্মুক্তকরণ, ছাত্র-শিক্ষক প্রীতি ফুটবল ম্যাচ, দোয়া মাহফিল, বঙ্গবন্ধু রচিত 'অসমাপ্ত আত্মজীবনী' ও 'কারাগারের রোচনামচা' গ্রন্থের উপর শিক্ষার্থীদের পাঠ প্রতিযোগিতা এবং সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, ২০০৩ সালের ০১ সেপ্টেম্বর প্রতিষ্ঠা লাভ করে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট)। এবছর ১৫তম বর্ষে পদার্পন করছে নবীন এ বিশ্ববিদ্যালয়টি। প্রতিবছর ০১ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় দিবস পালিত হলেও পবিত্র ঈদের ছুটি থাকায় এবছর দিবসটি পালনের কর্মসূচি পালিত হয় ২৩ সেপ্টেম্বর শনিবার।

## "নতুন চিন্তার বিকাশই বাংলাদেশকে একটি স্বনির্ভর দেশে পরিণত করবে"

(৩য় পৃষ্ঠার পর) সংশ্লিষ্ট বিভাগের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। কন্সট্রাকশন ম্যানেজমেন্ট ও বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে শিক্ষার্থীদের উদ্ভাবনীমূলক চিন্তাধারা ও কাজের বেশি বেশি সুযোগ করে দেওয়া এই ফেস্টের প্রধান উদ্দেশ্য। অনুষ্ঠানের ইভেন্টগুলো পেপার প্রেজেন্টেশন অন ইনোভেশন ইন কন্সট্রাকশন, মেকানিক্স মেনিয়া, ম্যানেজমেন্ট মাস্টারমাইন্ড, ড্রাফটিং, গ্রীণ স্ট্রীক্সসহ বিভিন্ন ক্যাটাগরিতে ভাগ করা হয়। ফেস্ট এর দ্বিতীয় দিন ০২ ডিসেম্বর শনিবার দিনব্যাপী 'গ্রীণ বিল্ডিং' কর্মশালা অনুষ্ঠিত হয়। এছাড়া ০১ ডিসেম্বর বিকালে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে এবং ০২ ডিসেম্বর বিকালে ফেস্ট এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

## কুয়েটে জীবনের জয়গান উৎসব অনুষ্ঠিত



কুয়েটে জীবনের জয়গান উৎসব অনুষ্ঠানের উদ্বোধন শেষে স্থির চিত্র প্রদর্শনী ঘুরে দেখেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) জীবনের জয়গান উৎসব অনুষ্ঠিত হয়েছে। দি দেইলী স্টার ও স্টান্ডার্ড চার্টাড ব্যাংক এর আয়োজনে এ অনুষ্ঠানের সহযোগীতায় ছিল কুয়েট রেডিও, কুয়েট ফটোগ্রাফিক সোসাইটি ও কুয়েট ফিল্ম সোসাইটি। ১২ অক্টোবর বৃহস্পতিবার সকাল সাড়ে ৯ টায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এসময় পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়াসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। সকাল ১০ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত স্থির চিত্র প্রদর্শনী এবং সকাল ১১ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত চলচ্চিত্র প্রদর্শন করা হয়।

## মানসিক স্বাস্থ্য সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত




কুয়েটের রোকেয়া হলে মানসিক স্বাস্থ্য সচেতনতামূলক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) মানসিক স্বাস্থ্য সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের রোকেয়া হলের আয়োজনে হলের সেমিনার কক্ষে ০৪ নভেম্বর দুপুরে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আলোচনা করেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক ড. নাসরিন আক্তার, বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক ডাঃ জুবায়ের আহমদ রতন প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হলের ভারপ্রাপ্ত প্রভোস্ট সুহেলী সায়লা আহমদ। আলোচনা সভায় বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ, হলের সহকারী প্রভোস্টগণসহ ছাত্রীরা অংশগ্রহণ করেন।

## যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস পালিত

(শেষ পৃষ্ঠার পর) মধ্যে প্রীতি ফুটবল ম্যাচ, বাদ আসর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়ার অনুষ্ঠান এবং সন্ধ্যায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়ার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার।

## বিইসিএম বিভাগে প্রোজেক্ট ম্যানেজমেন্ট বিষয়ক সেমিনার অনুষ্ঠিত




বিইসিএম বিভাগ কর্তৃক আয়োজিত টেকনিক্যাল সেমিনার শেষে ইঞ্জিনিয়ার ফয়েজুর রহমানকে শুভেচ্ছা স্মারক হস্তান্তর করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট (বিইসিএম) বিভাগ কর্তৃক আয়োজিত 'স্টান্ডার্ড প্রাকটিসেস অন প্রোজেক্ট ম্যানেজমেন্ট' শীর্ষক টেকনিক্যাল সেমিনার ১৮ জুলাই মঙ্গলবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের ডিস্টান্স লারনিং সেন্টারে অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিইসিএম বিভাগ কর্তৃক ধারাবাহিক সেমিনারের অংশ হিসেবে ৫ম টেকনিক্যাল সেমিনারে বিভাগীয় প্রধান ড. কাজী এবিএম মহিউদ্দিন এর সভাপতিত্বে সেশন পরিচালনা করেন ইঞ্জিনিয়ার ফয়েজুর রহমান।

## পদার্থ বিজ্ঞান বিভাগে ওয়ার্কশপ অনুষ্ঠিত




পদার্থ বিজ্ঞান বিভাগের "ওয়ার্কশপ ৩: প্রিপারেশন এন্ড সাবমিশন অব ইমপ্রুভমেন্ট প্লান" এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) পদার্থ বিজ্ঞান বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটি কর্তৃক আয়োজিত "ওয়ার্কশপ ৩: প্রিপারেশন এন্ড সাবমিশন অব ইমপ্রুভমেন্ট প্লান" অনুষ্ঠিত হয়েছে। ২৭ ডিসেম্বর বুধবার সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের ডিস্টান্স লারনিং থিয়েটারে ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। পদার্থ বিজ্ঞান বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী ও আইকিউএসি এর পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। ট্রেইনিং প্রোগ্রামে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মোঃ মাহবুব আলম। অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মোঃ আব্দুল্লাহ ইলিয়াস আক্তার।

## যথাযোগ্য মর্যাদায় শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

(শেষ পৃষ্ঠার পর) সিই অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এবং অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন বিইসিএম বিভাগের সহকারী অধ্যাপক মোঃ হামিদুল ইসলাম, ভারপ্রাপ্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মোঃ আনিছুর রহমান ভূঞা, বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখার সাধারণ সম্পাদক সাদমান নাহিয়ান সেজান, ৩য় শ্রেণী কর্মচারী সমিতির সভাপতি মোঃ মামুনুর রশীদ জুয়েল। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনসংযোগ কর্মকর্তা মনোজ কুমার মজুমদার। এছাড়া বাদ আসর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়ার অনুষ্ঠান, সন্ধ্যায় শহীদদের স্মরণে আলোর মিছিল ও মুক্তিযুদ্ধভিত্তিক নাটক মঞ্চস্থ হয়।

## 'বিদেশে উচ্চশিক্ষা স্কলারশীপ' বিষয়ক সেমিনার অনুষ্ঠিত



কুয়েটে রোটারী প্রদত্ত 'বিদেশে উচ্চশিক্ষা স্কলারশীপ' বিষয়ক সেমিনারের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) রোটারী প্রদত্ত 'বিদেশে উচ্চশিক্ষা স্কলারশীপ' বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ১০ ডিসেম্বর বিকাল ৩টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া এবং কী নোট স্পিচ প্রদান করেন কানেক্ট কনসালটিং লিমিটেড, ঢাকা এর চীফ এ্যাডভাইজার ড. ইশতিয়াক জামান। সেমিনারে ইউএসএ, ইউকে, জাপান, সুইডেন, অস্ট্রেলিয়া, থাইল্যান্ডের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে মাষ্টার্স ও সার্টিফিকেট প্রোগ্রামে ভর্তি বিষয়ে আলোচনা করা হয়।

## বিইসিএম বিভাগে সেমিনার অনুষ্ঠিত



বিইসিএম বিভাগে অনুষ্ঠিত টেকনিক্যাল সেমিনারে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট (বিইসিএম) বিভাগে 'বিহেবিয়ার অফ ইউএইচপিএফআরসি ইউজিং কনভেনশনাল ম্যাটেরিয়ালস এন্ড ম্যাথোড' শীর্ষক টেকনিক্যাল সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বিইসিএস বিভাগ কর্তৃক ধারাবাহিক সেমিনারের অংশ হিসেবে ৪র্থ সেমিনারে বিভাগীয় প্রধান ড. কাজী এবিএম মহিউদ্দিন এর সভাপতিত্বে টেকনিক্যাল সেমিনার পরিচালনা করেন বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ হাবিবুর রহমান সবুজ। সেমিনারে শিক্ষক, প্রকৌশলী, পরিকল্পনাবিদ, গবেষক ও বিভাগের ৪র্থ বর্ষের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

## প্রশংসা কুড়িয়েছে কুয়েট ভিসি'র মাদক, র‍্যাগিং, ধুমপান ও যত্রতত্র বর্জ্য নিক্ষেপ বিরোধী প্রচারণা

(৩য় পৃষ্ঠার পর) পুলিশ বিভাগে কর্মরত পিতা ধীরাজ কুমার কর্মকার বলেন, কুয়েট ভাইস-চ্যান্সেলরের এ উদ্যোগ খুবই প্রশংসনীয় এবং অভিভাবক হিসেবে আমি সাধুবাদ জানাই। পদক্ষেপটি অবশ্যই দৃষ্টান্তমূলক এবং আশাকরি দেশের অন্যান্য প্রতিষ্ঠানও মাদক, র‍্যাগিং, ধুমপান ও যত্রতত্র বর্জ্য নিক্ষেপ প্রতিরোধে কুয়েটকে অনুসরণ করবে। ফুলবাড়ীগেট পুলিশ ফাড়ির দায়িত্বপ্রাপ্ত পুলিশের উপ-পরিদর্শক ফিরোজ মাহমুদ বলেন, এ ধরনের উদ্যোগের জন্য ভাইস-চ্যান্সেলর মহোদয়কে ধন্যবাদ জানাই। তিনি নিজে উপস্থিত থেকে যেভাবে প্রচারণা চালাচ্ছেন তার সুফল আমরা অবশ্যই পাবো। (১৯ পৃষ্ঠায় দেখুন)

## সভাপতি পদে মোঃ নূরুজ্জামান ও সাধারণ সম্পাদক পদে প্রকৌঃ মোঃ মাহমুদুল হাসান নির্বাচিত



খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) অফিসার্স এসোসিয়েশনের নির্বাহী কমিটির ২০১৮ টার্মের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। ২৮ ডিসেম্বর সকাল ১০টা থেকে বেলা ২টা পর্যন্ত নির্বাচন, সাড়ে ১১টা থেকে ১.৩০টা পর্যন্ত বাৎসরিক সাধারণ সভা এবং দুপুরে মধ্যাহ্ন ভোজ অনুষ্ঠিত হয়। নির্বাচনে সভাপতি পদে মোঃ নূরুজ্জামান ও সাধারণ সম্পাদক পদে প্রকৌঃ মোঃ মাহমুদুল হাসান নির্বাচিত হয়েছেন। এছাড়া সহ-সভাপতি পদে শিকদার মোঃ সাইফুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক পদে মোঃ আক্কাস আলী, সাংগঠনিক সম্পাদক পদে শেখ ওমর ফারুক, ট্রেজারার পদে প্রকৌঃ প্রদীপ কুমার দাশ, ক্রীড়া, সাংস্কৃতিক ও সমাজ কল্যাণ সম্পাদক পদে মনোজ কুমার মজুমদার, দপ্তর ও প্রচার সম্পাদক পদে শাহ্ মোঃ শহীদুল ইসলাম এবং সদস্য পদে প্রকৌঃ মোঃ আনিছুর রহমান ভূঞা, ড. মোঃ জুলফিকার হোসেন ও প্রকৌঃ টুম্পা রানী রায় নির্বাচিত হয়েছেন। নির্বাচনে প্রধান নির্বাচন কমিশনের দায়িত্ব পালন করেন মোঃ জাহাঙ্গীর হোসেন এবং আব্দুল ওয়াহাব মোড়ল ও হীরামনি শাহীতাজ নির্বাচন কমিশনারের দায়িত্ব পালন করেন। উল্লেখ্য, নির্বাচনে ১১৫ জন ভোটারের মধ্যে ১০৮ জন ভোট প্রদান করেন।

## কুয়েটে কর্মচারীর চিকিৎসা সহায়তায় চেক হস্তান্তর



কুয়েট কর্মচারী ও কর্মচারীর সন্তানের চিকিৎসা সহায়তায় চেক হস্তান্তর করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) কর্মচারী ও কর্মচারীর সন্তানের চিকিৎসা সহায়তায় পৃথক চেক হস্তান্তর করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। কর্মচারী সমিতির (৩য় শ্রেণী) উদ্যোগে ০১ নভেম্বর বুধবার দুপুর দেড়টায় ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়ে এ চেক প্রদান অনুষ্ঠিত হয়। এসময় লাইব্রেরিতে কর্মরত শেখ আব্দুল মান্নান এর চিকিৎসার জন্য এবং ইইই বিভাগে কর্মরত মোঃ হাবিবুর রহমানের কন্যার চিকিৎসা জন্য এ সহযোগিতা প্রদান করা হয়। এসময় মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদারসহ কর্মচারী সমিতির নেতৃবৃন্দ ও সংশ্লিষ্ট কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

## কুয়েটে শান্তিপূর্ণভাবে ১ম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

(৩য় পৃষ্ঠার পর) ৩টি অনুষদের ১৪টি বিভাগে মোট ১০৪৭৭ জন আবেদনকারী ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ পায়। তন্মধ্যে ৮১৯৯ জন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে।

এ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার মাধ্যমে সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগে ১২০ জন, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগে ১২০ জন, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) বিভাগে ১২০ জন, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং(সিএসই) বিভাগে ১২০ জন, ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং(ইসিই) বিভাগে ৬০ জন, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং(আইপিই) বিভাগে ৬০ জন, লেদার ইঞ্জিনিয়ারিং(এলই) বিভাগে ৬০ জন, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (টিই) বিভাগে ৬০ জন, আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং(ইউআরপি) বিভাগে ৬০ জন, বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট(বিইসিএম) বিভাগে ৬০ জন, বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং (বিএমই) বিভাগে ৩০ জন, আর্কিটেকচার (আর্ক) বিভাগে ৪০ জন, ম্যাটেরিয়ালস্ সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (এমএসই) বিভাগে ৬০ জন, এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (ইএসই) বিভাগে ৩০ জন এবং সংরক্ষিত ২টি আসনসহ সর্বমোট ১০০২ জন শিক্ষার্থী ভর্তি করা হয়।

## ভাইস-চ্যান্সেলর এর সাথে কর্মচারী সমিতির নেতৃবৃন্দের সৌজন্য স্বাক্ষাত



ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেন কর্মচারী সমিতির (৪র্থ শ্রেণী) নব-নির্বাচিত নেতৃবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর সাথে সৌজন্য স্বাক্ষাত করেছেন কর্মচারী সমিতির (৪র্থ শ্রেণী) নব-নির্বাচিত নেতৃবৃন্দ। ২৮ নভেম্বর দুপুর ১টায় কুয়েট ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়ে এ সৌজন্য স্বাক্ষাত অনুষ্ঠিত হয়। কর্মচারী সমিতির (৪র্থ শ্রেণী) নব-নির্বাচিত সভাপতি শেখ এরশাদ আলী ও সাধারণ সম্পাদক মোঃ ইমরান আলী রনিসহ সমিতির অন্যান্য সদস্যবৃন্দ এসময় উপস্থিত ছিলেন। এসময় বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার উপস্থিত ছিলেন। সৌজন্য স্বাক্ষাতকালীন সময়ে কুয়েট ভাইস-চ্যান্সেলর নবনির্বাচিত কমিটিকে সমিতির সদস্যদের জন্য কাজ করার পরামর্শ দেন।

## সেপ্টিক ট্যাঙ্ক ইন্সপেকশন কাজে প্রশিক্ষণ অনুষ্ঠিত



কুয়েটে সেপ্টিক ট্যাঙ্ক নির্মাণে প্রশিক্ষণ কর্মসূচির প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ অন্যান্য অতিথিবৃন্দ, প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীগণ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) সেপ্টিক ট্যাঙ্ক ইন্সপেকশন কাজে প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। ২৩ ডিসেম্বর শনিবার খুলনা সিটি কর্পোরেশন (কেসিসি) ও এসএনভি এর সহযোগিতায় বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অফ ডিজাস্টার ম্যানেজমেন্টে দিনব্যাপি এ প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন। এ সময় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. খন্দকার মাহবুব হাসান। প্রশিক্ষণ প্রদান করেন প্রকৌশলী নোমান আল হাফিজ, প্রকৌশলী আল আমীন, প্রকৌশলী মেহেদি হাসান মিশুক এবং প্রকৌশলী ফাতেমা নাজনিন। অনুষ্ঠানে সেপ্টিক ট্যাঙ্ক সিস্টেম এর ধারণা, আইনগত বিষয়, নির্মান পদ্ধতি, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা পদ্ধতিসমূহ নিয়ে মোট ৪টি অধিবেশনে প্রশিক্ষণ এবং এ বিষয়ক উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়।

## প্রশংসা কুড়িয়েছে কুয়েট ভিসি'র মাদক, র‌্যাগিং, ধুমপান ও যত্রতত্র বর্জ্য নিক্ষেপ বিরোধী প্রচারণা

(১৮ পৃষ্ঠার পর) কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অনেক মেধাবী, আমরা তাদেরকে সচেতন করছি। শিক্ষার্থীরা মাদক, র‌্যাগিং, ধুমপান ও যত্রতত্র বর্জ্য নিক্ষেপ বিরোধী প্রচারণায় সমর্থন দিচ্ছে। শিক্ষার্থীদের সমর্থন আমাদেরকে উৎসাহিত করে। আমরা বিশ্বাস করি কুয়েটসহ বাংলাদেশ একদিন খারাপকে পিছনে ফেলে এগিয়ে যাবে।

## আইকিউএসি'র আয়োজনে ট্রেইনিং প্রোগ্রাম অনুষ্ঠিত



কুয়েটে আইকিউএসি'র ট্রেইনিং প্রোগ্রামে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) কর্তৃক আয়োজিত " কারিকুলাম কনসেপ্ট, মডেলস এন্ড ডেভেলপমেন্ট স্ট্রেটেজি: মডিউল-২" শীর্ষক দিনব্যাপী ট্রেইনিং প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। ১৪ অক্টোবর শনিবার সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে আয়োজিত ট্রেইনিং প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। ট্রেইনিং প্রোগ্রামের রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থেকে টেকনিক্যাল সেশন পরিচালনা করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের প্রফেসর ড. এস. এম. কবীর। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং স্বাগত বক্তৃতা করেন অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান ।

টেকনিক্যাল সেশন শেষে গ্রুপ ওয়ার্ক ও অংশগ্রহনকারীদের প্রেজেন্টেশন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ডীনবৃন্দ, ইনস্টিটিউট পরিচালকবৃন্দ, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ, পরিচালকবৃন্দসহ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ ও দপ্তর প্রধানগণ উপস্থিত ছিলেন।

## "পোস্ট সেল্ফ-এ্যাসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্লান" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত



"পোস্ট সেল্ফ-এ্যাসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্লান" শীর্ষক ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এমই অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে "পোস্ট সেল্ফ-এ্যাসেসমেন্ট ইমপ্রুভমেন্ট প্লান" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। ১২ আগষ্ট শনিবার সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার। ট্রেইনিং প্রোগ্রামের রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থেকে টেকনিক্যাল সেশন পরিচালনা করেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) হেকেপ প্রকল্পের কোয়ালিটি অ্যাসুরেন্স ইউনিট এর প্রধান প্রফেসর ড. সঞ্জয় কুমার অধিকারী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং সঞ্চালনা করেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান। টেকনিক্যাল সেশন শেষে উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। দিনব্যাপী ওয়ার্কশপে বিশ্ববিদ্যালয়ের ডীনবৃন্দ, ইনস্টিটিউট পরিচালকবৃন্দ, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ, বিভিন্ন বিভাগের সেল্ফ এ্যাসেসমেন্ট কমিটির সদস্যবৃন্দ, রেজিস্ট্রার ও শিক্ষকমন্ডলী উপস্থিত ছিলেন।

## "বিশ্ববিদ্যালয়ের গুনগত মান নিশ্চিতকরণে সকলকে একসঙ্গে কাজ করতে হবে"

-কুয়েট ভাইস-চ্যান্সেলর



কুয়েটে আইকিউএসি'র ট্রেইনিং প্রোগ্রামে প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরসহ অন্যান্য অতিথি ও অংশগ্রহণকারীবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) কর্তৃক "গুনগত মান নিশ্চিতকরণে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের কর্মচারীদের (গ্রেড ১৭- গ্রেড ২০) ভূমিকা ও দায়িত্বঃ মডিউল-১" শীর্ষক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ০২ ডিসেম্বর শনিবার সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের ডিস্টান্স লার্নিং থিয়েটারে আয়োজিত কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, "বিশ্ববিদ্যালয়ের মান উন্নয়ন এবং গুনগত মান নিশ্চিতকরণের জন্য সকলকে একসঙ্গে কাজ করতে হবে। এক্ষেত্রে শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারী সকলকে তার নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করতে হবে। সকলের একত্রিত প্রচেষ্টায় একটি প্রতিষ্ঠান তার কাঙ্খিত লক্ষে পৌছাতে সক্ষম হয়"। কর্মশালায় কারিগরি অধিবেশনে "উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের গুনগত মান নিশ্চিতকরণে কর্মচারীদের ভূমিকা" বিষয়ে প্রেজেন্টেশন প্রদান করেন খুলনা বিশ্ববিদ্যালয়ের এগ্রোটেকনোলজি ডিসিপ্লিনের প্রফেসর ড. মোঃ সারোয়ার জাহান এবং "উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের কর্মচারীদের নৈতিক দায়িত্ব" বিষয়ে প্রেজেন্টেশন প্রদান করেন কুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী। আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান এবং শুভেচ্ছা বক্তৃতা করেন রেজিস্ট্রার জি এম শহিদুল আলম। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ডীনবৃন্দ, ইনস্টিটিউট পরিচালকবৃন্দ, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ, পরিচালকবৃন্দসহ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ ও দপ্তর প্রধানগণ উপস্থিত ছিলেন।

## "অফিস এন্ড ল্যাবরেটরী ম্যানেজমেন্ট" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত



কুয়েটে আইকিউএসি আয়োজিত "অফিস এন্ড ল্যাবরেটরী ম্যানেজমেন্ট" শীর্ষক ওয়ার্কশপে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) কর্তৃক "অফিস এন্ড ল্যাবরেটরী ম্যানেজমেন্ট" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। ২৬ আগষ্ট শনিবার সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে আয়োজিত ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং স্বাগত বক্তৃতা করেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান। ওয়ার্কশপে টেকনিক্যাল সেশন পরিচালনা করেন কুয়েটের ইইই বিভাগের প্রফেসর ড. মোঃ নূরুন্নবী মোল্লা এবং খুলনা বিভাগের স্থানীয় সরকারের পরিচালক হোসেন আলী খোন্দকার। ওয়ার্কশপে টেকনিক্যাল সেশন শেষে উন্মুক্ত আলোচনা ও প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপে বিশ্ববিদ্যালয়ের ৩য় শ্রেণী কর্মচারীগণ অংশগ্রহণ করেন।